টেট স্পেশাল ১৬ পাতার সংখ্যা

# কর্মসংস্থান

দাম : ৫ টাকা

www.karmosangsthan.com

Vol. 35 ■ Issue No. 42 ■ 22nd October 2022 ■ Saturday ■ Kolkata ■ R.N.I. 44167/88

"বনগাঁ, বসিরহাট ও মধ্যমগ্রামে"
প্রাইমারী TET ও ইন্টারভিউয়ে সফল হতে —
* স্কুল সার্ভিস/PT ক্লাশ চলছে
* সপ্তাহে দুদিন মকটেস্ট সহ ক্লাশ
* নিজস্ব বিষয়ে MCQ সহযোগিতা
সাকসেস সেন্টার
• বসিরহাট : 9932326566
• বনগাঁ : 8337000600
• মধ্যমগ্রাম : 8337000900

# প্রাইমারি 'টেট'এর ফর্ম কীভাবে পূরণ করলে বাতিল হবে না

## বি.এড / ডি.এল.এড কোর্স পড়ুয়ারাও দরখাস্ত করতে পারবেন

**রঞ্জিৎ ঘোষ** : পশ্চিমবঙ্গের সব জেলার সরকারি সাহায্যপ্রাপ্ত / পোষিত প্রাথমিক /নিম্নবুনিয়াদী বিদ্যালয়গুলি তে (প্রথম শ্রেণি থেকে পঞ্চম শ্রেণি পর্যন্ত) 'প্রাইমারি টিচার' পদে চাকরির জন্য ২০২২ সালের 'টিচার্স এলিজিবিলিটি টেস্ট বা, টেট' পরীক্ষার জন্য দরখাস্ত নেওয়া শুরু হয়েছে ১৪ অক্টোবর থেকে। চলবে ৩ নভেম্বর পর্যন্ত। এবার এই 'টেট' হবে ১১ ডিসেম্বর, রবিবার। নিচের যে কোনো একটি শিক্ষাগত যোগ্যতা থাকলে আবেদন করতে পারেন :

(ক) মোট অন্তত ৫০% (তপশিলী, ও.বি.সি., প্রতিবন্ধী, প্রাঃসঃকঃ, এক্সেমটেড ক্যাটেগরি হলে ৪৫%) নম্বর পেয়ে যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা এলিমেন্টারি এডুকেশনের ২ বছরের ডিপ্লোমা (ডি.এল.এড.) কোর্স পাশ হলে

এরপর ৭ পাতায়

সরকারি চাকরির প্রস্তুতি
ICE Academy
Primary TET
ONLINE / OFFLINE BATCH
WBCS NEW BATCH
বালিগঞ্জ কেন্দ্র
9804412898
7044517509

# প্রাইমারি টিচারের ইন্টারভিউ হবে ভিডিও রেকর্ডিংয়ের মাধ্যমে

**নিজস্ব সংবাদদাতা** : প্রথম শ্রেণি থেকে পঞ্চম শ্রেণি পর্যন্ত স্কুলে 'প্রাইমারি টিচার' পদে প্রায় ১১,০০০ শূন্যপদ পূরণের জন্য 'টেট' পাশ প্রার্থীদের থেকে দরখাস্ত নেওয়া শুরু হচ্ছে ২১ অক্টোবর থেকে। চলবে নভেম্বরের প্রথম সপ্তাহ পর্যন্ত। প্রাথমিক শিক্ষা পর্যদের চেয়ারম্যান গৌতম পাল জানান, দ্রুত প্রাথমিক শিক্ষক পদে শূন্যপদ পূরণ করা হবে। নভেম্বর-ডিসেম্বরেই ইন্টারভিউ প্রক্রিয়া শুরু হবে। এরপর 'টেট' পাশদের জন্য আরো একটি বিজ্ঞপ্তি বেরোবে আগামী বছর জানুয়ারি মাস নাগাদ। চেয়ারম্যান জানান, নিয়োগে স্বচ্ছতা আনতে এবার থেকে প্রতিটি ইন্টারভিউ প্রার্থীর ডকুমেন্ট ভেরিফিকেশন থেকে শুরু করে পার্সোন্যাল ইন্টারভিউ পর্যন্ত ভিডিও রেকর্ডিং করা হবে। নিয়োগের স্বচ্ছতা নিয়ে কোনো অভিযোগ উঠলেই তা প্রমাণ হিসাবে দেখানো হবে আদালতকে। সেই সঙ্গে প্রতিটি প্রার্থীর নম্বর বিভাজন-সহ মেধা তালিকাও যথাসময়ে ওয়েবসাইটে প্রকাশ করা হবে। ১১ হাজার শূন্যপদ পূরণের জন্য প্রায় ১৫ হাজার 'টেট' পাশ প্রার্থীকে ইন্টারভিউয়ে ডাকা হবে। এরমধ্যে ২০১৭ সালের 'টেট'এ

এরপর ১২ পাতায়

প্রাইমারী TET
CLASS (Online 3 days + Offline 1 day)
2017 TET-এ সফল 53 জন
কমনযোগ্য নোট, প্রত্যেক দিন Mock Test, পোস্টাল নোট, CTET এর ধাঁচে পড়ানো হয়।
সোনারপুর, মেচেদা, বারাসাত, বর্ধমান
9831274056

# নবম থেকে দ্বাদশ শ্রেণির শিক্ষক-শিক্ষিকা ২১,৬৯৪টি শূন্যপদের বিজ্ঞপ্তি নভেম্বরে

**নিজস্ব সংবাদদাতা** : নবম থেকে দ্বাদশ শ্রেণি পর্যন্ত স্কুলের বেলায় সহ-শিক্ষক-শিক্ষিকা পদে নিয়োগে আর কোনো বাধা নেই। এমনই তথ্য জানালেন শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু। শিক্ষামন্ত্রী জানান, সংরক্ষণের নিয়ম মেনে মধ্যশিক্ষা পর্যদের তৈরি করা শূন্যপদের রোস্টারে অনুমোদন দিল রাজ্যের অনগ্রসর শ্রেণি কল্যাণ দফতর। স্কুল শিক্ষা দফতর সূত্রে খবর, নবম ও দশম পর্যন্ত স্কুলে শূন্যপদ আছে ১৩,৮৪২টি। একাদশ ও

এরপর ১২ পাতায়

কোর্স শেষে নিশ্চিত চাকরি
Indian Institute of Higher & Professional Studies
এর উদ্যোগে 2022-23 সেশনে কিছু Professional কোর্স করে সুনিশ্চিত চাকরির ব্যবস্থা করে দিচ্ছে নিজস্ব হসপিটাল। কোর্সগুলি হল —
নার্সিং
GNM • B.Sc. • PB.B.Sc.
ফার্মাসি
D.Pharmacy
B.Pharmacy
সরাসরি যোগাযোগ করুন। আসন সংখ্যা সীমিত।
কোর্স ফি সাধ্যের মধ্যে। Educational Loan নিয়ে পড়ার সুযোগ।
সমাজের আর্থিক দিক থেকে পিছিয়ে থাকা মেধাবী ছেলেমেয়েদের কথা মাথায় রেখে এই প্রচেষ্টা IIHPS এর।
যোগ্যতা : যেকোনো শাখায় 45% মার্কস নিয়ে উচ্চমাধ্যমিক উত্তীর্ণ ছেলে ও মেয়ে উভয়ই আবেদনের যোগ্য।
বয়স : 17 থেকে 27 বছর।
SC, ST, OBC ছাত্রছাত্রীদের বিশেষ সুবিধা
web us : www.iihps.co.in
আগ্রহী ছাত্রছাত্রীরা নাম নথিভুক্ত করুন এই নম্বরগুলিতে —
9874756699, 9874766699
Reg. Add : 68, Rai Malick Colony, Dumdum, Kolkata- 700030

NCTE / WBUTTEPA
affiliated কলেজ থেকে
B.ED / D.EL.ED
2022-24 Session-এ পশ্চিমবঙ্গ থেকে ভর্তি হওয়ার শেষ সুযোগ। যোগাযোগ ঃ
AIES website : www.aies.in
9733777197 / 7031558361
8013577182 / 7679383939

# উচ্চপ্রাথমিকের ইন্টারভিউ শুরু ২১ অক্টোবর

**নিজস্ব সংবাদদাতা** : পশ্চিমবঙ্গ স্কুল সার্ভিস কমিশন এক বিজ্ঞপ্তিতে জানায়, উচ্চপ্রাথমিকের ১,৫৮৫ জন প্রার্থীর ইন্টারভিউ নেওয়া হবে ২১ অক্টোবর থেকে। চলবে ৪ নভেম্বর পর্যন্ত। ইন্টারভিউ নেওয়া হবে এই ১১টি বিষয়ের ওপর : বাংলা, ইংরিজি, সংস্কৃত, আরবি, উর্দু, ভূগোল, বায়ো-সায়েন্স, ইতিহাস, পিওর সায়েন্স, হিন্দি, নেপালী। কবে, কাদের ইন্টারভিউ হবে তা ওয়েবসাইটে দেওয়া হয়েছে। প্রত্যেক প্রার্থীর অ্যাকাডেমিক

এরপর ১২ পাতায়

# বায়ুসেনায় গ্রুপ 'ডি' কর্মী

**বারাকপুর ও পানাগড় স্টেশনের জন্য**

**নিজস্ব সংবাদদাতা** : ভারতীয় বায়ুসেনা অগ্নিপথ স্কিমে 'অগ্নিবীরবায়ু (নন-কমব্যাটেন্ট)' পদে কয়েক হাজার শূন্যপদ পূরণের জন্য দরখাস্ত নিচ্ছে। নেওয়া হবে ব্যারাকপুর ও পানাগড় এয়ারফোর্স স্টেশনের জন্য এইসব ট্রেডে : কুক ও মেস

এরপর ১২ পাতায়

## ৮৪ অ্যাপ্রেন্টিস

হিন্দুস্তান কপার লিমিটেড 'গ্র্যাজুয়েট ইঞ্জিনিয়ার ট্রেনি' পদে ৮৪ জন লোক নিচ্ছে। নেওয়া হবে এইসব ট্রেডে : মাইনিং, সার্ভে, জিওলজি, কনসেনট্রেটর, ইলেক্ট্রিক্যাল, সিভিল, মেকানিক্যাল,

এরপর ২ পাতায়

## ৩২ জুনিয়র অ্যাসিস্ট্যান্ট

**নিজস্ব সংবাদদাতা** : এয়ারপোর্টস অথরিটি অফ ইন্ডিয়ার উত্তর-পূর্বাঞ্চল জোন 'জুনিয়র অ্যাসিস্ট্যান্ট (ফায়ার সার্ভিস)' পদে ৩২ জন


এরপর ৪ পাতায়

# আর্মির নার্সিং অ্যাসিস্ট্যান্ট পদের র‍্যালি বারাকপুরে ২০ জানুয়ারি

**নিজস্ব প্রতিনিধি** : ভারতীয় স্থলবাহিনীর কলকাতা আর্মি রিক্রুটিং অফিসের ডিরেক্টর রিক্রুটিং 'কর্মসংস্থান'কে জানান, পশ্চিমবঙ্গের সব জেলা, সিকিম ও ওড়িশার সব প্রার্থীদের থেকে 'সোলজার টেকনিক্যাল নার্সিং অ্যাসিস্ট্যান্ট / নার্সিং অ্যাসিস্ট্যান্ট ভেটেরিনারি' পদে সরাসরি র‍্যালির মাধ্যমে কয়েকশো ছেলে নেওয়া হচ্ছে। র‍্যালি হবে আগামী বছর ২০ জানুয়ারি থেকে ২৪ জানুয়ারি

এরপর ২ পাতায়

ভেতরের পাতায় :
প্রাইমারি টিচার পদের 'টেট'এর সম্ভাব্য ১৫০ প্রশ্নোত্তর

ছাত্র-ছাত্রীদের প্রথম পছন্দ
প্রাইমারী টেট
Free Mock Test
সম্পূর্ণ সিলেবাস অনুযায়ী অধ্যায় ভিত্তিক বিস্তারিত আলোচনা ও
7000+ MCQ


বইটির বৈশিষ্ট্য
• একই বিষয়ের উপর গভীর জ্ঞান ও অত্যাবশ্যকীয় তথ্যের জন্য 'Knowledge Capsule' অংশ যোগ
• একটি প্রশ্নের আড়ালে একাধিক প্রশ্নোত্তরের জন্য 'Secret Tips' অংশ সংযোজন
• সাফল্যের জন্য লেখকদের পরামর্শ
• ৫টি বিষয়ের উপর অধ্যায়ভিত্তিক প্রচুর MCQ প্রশ্নোত্তর
• প্রতিটি বিষয়ের পেডাগগির উপর অধ্যায়ভিত্তিক আলোচনা
• শিশুবিকাশ ও পেডাগগি বিষয়ের একনজরে গুরুত্বপূর্ণ তথ্য
• জটিল অঙ্কের সহজ সমাধান (Shortcut Method)
• বিগত বছরের (২০২১ পর্যন্ত) প্রশ্নের ব্যাখ্যাসহ সমাধান


বইটির বৈশিষ্ট্য
• বিগত বছরের পশ্চিমবঙ্গ প্রাইমারী টেট পরীক্ষার প্রশ্নের ব্যাখ্যা সহ সমাধান
• সেন্ট্রাল টেট পরীক্ষার প্রশ্নের সমাধান
• শেষ পরীক্ষার সিলেবাস ও নম্বর বিভাজন অনুযায়ী সাজেস্টিভ প্র্যাকটিস সেট
• ম্যাথেমেটিক্স-এর সহজ ও সম্পূর্ণ সমাধান

অধ্যায়ভিত্তিক MCQ ও বিস্তারিত আলোচনা এবং বিগত বছরের রাজ্য ও কেন্দ্রের প্রাইমারি ও আপার প্রাইমারি টেট পরীক্ষার প্রশ্নোত্তর
তপতী® পাবলিশার্স
Our Books Now Available on Amazon and Flipkart

WISE INSTITUTE OF NURSING

(গভঃ ও কাউন্সিল স্বীকৃত)

উচ্ছেগড়, শ্যামনগর, উঃ ২৪ পরগনা, পশ্চিমবঙ্গ

ভর্তি চলছে 2022-23 Academic Year ভর্তি চলছে

GNM NURSING (3 yrs.) যোগ্যতা : H.S. পাশ (40%) আর্টস, কমার্স ও সায়েন্স বিভাগের ছাত্রীরা

B.Sc. NURSING (4 yrs.)

যোগ্যতা : H.S. পাশ (50%)

সায়েন্স বিভাগের ছাত্রীরা (JNPA)



সাধ্যের মধ্যে কোর্স ফি

আসন সংখ্যা সীমিত

92315 18040

8670075982

wewtofficial@gmail.com / wisenursinginstitute@gmail.com


# বর্ধমান বিশ্ববিদ্যালয়ে ডাকযোগে এম.এ., এম.এসসি. কোর্স

বর্ধমান বিশ্ববিদ্যালয়ের ডিরেক্টরেট অফ ডিস্ট্যান্স এডুকেশনে এম.এ., এম.এসসি. কোর্সে ভরতি শুরু হয়েছে। এম.এ. কোর্স পড়ানো হবে এইসব বিষয়ে : ইংরিজি, বাংলা, ইতিহাস, দর্শন ও সংস্কৃত। সংশ্লিষ্ট বিষয়ে ৪০% নম্বর পেয়ে অনার্স গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। অনার্স কেটে যাওয়ার পর অনার্স বিষয়ে ৩৫% নম্বর পেয়ে পাস গ্র্যাজুয়েটরাও আবেদন করতে পারেন। ৩ বছরের পাস কোর্সের গ্র্যাজুয়েটরা সংশ্লিষ্ট বিষয়ে ৩০% নম্বর পেয়ে থাকলেও যোগ্য। এম.এসসি কোর্স পড়ানো হবে কম্পিউটার সায়েন্স বিষয়ে। ৪০% নম্বর পেয়ে ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। দরখাস্ত করবেন অনলাইনে, ১৫ নভেম্বরের মধ্যে। এই ওয়েবসাইটে : http://dde.buruniv.ac.in পড়ানো হবে বর্ধমান বিশ্ববিদ্যালয়ের বিদ্যাসাগর ভবনের গোলাপবাগ থেকে। এছাড়াও কলকাতার শ্যামাপ্রসাদ কলেজ, কোচবিহারের এ.বি.এন.শীল কলেজ, জলপাইগুড়ির আনন্দ চন্দ্র কলেজ, দক্ষিণ দিনাজপুরের গঙ্গারামপুর কলেজ, মালদা কলেজ, রামপুরহাট কলেজ, বীরভূম মহাবিদ্যালয়, সিউড়ি বিদ্যাসাগর কলেজ, বাঁকুড়া জেলা সারদামণি মহিলা মহাবিদ্যাপীঠ, হুগলির তারকেশ্বর কলেজে। কম্পিউটার সায়েন্স পড়ানো হবে শুধুমাত্র বর্ধমান বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসে।


সুবর্ণ সুযোগ!!

NGO এর আর্থিক সাহায্যে

GNM নার্সিং (3y)

ব্যাঙ্গালোর- 1.5 Lakh

পশ্চিমবঙ্গ- 3 Lakh

B.Sc. নার্সিং (4y)

ব্যাঙ্গালোর- 2.5 Lakh

পশ্চিমবঙ্গ- 4 Lakh

(থাকা-খাওয়া সহ)

RAI- Garia, Kolkata- 84

8016758264

8101139018



কোর্স শেষেই চাকরির সুযোগ

২০২২-'২৪ সেশনে ভর্তি হওয়ার শেষ সুযোগ

ITI কলেজে ভর্তি

যোগ্যতা : অষ্টম থেকে মাধ্যমিক পাশ

9831595045, 9831248148

NOVEL PRIVATE ITI

(NCVT & W.B.S.C.V.T Approved)


মগরা, মামুদপুর, দিগসুই, হুগলি- ৭১২১৪৮

– 2 Years Course –

• Electrician • Fitter

| 1 Year Course | 6 Months Course |
|---|---|
| Welder | Smart Phone Technician |






with FREE Practice Book

10,000+ MCQs

প্রাথমিক শিক্ষক হওয়ার সুবর্ণ সুযোগ!

একমাত্র Parul Primary TET-ই পারে ১১ ডিসেম্বর ২০২২-এর TET পরীক্ষার জন্য তোমায় 100% প্রস্তুত করতে।

Highlights:

- পর্ষদ প্রদত্ত সিলেবাস ও পরীক্ষাপদ্ধতির কঠোর অনুসরণ
- কাঠিন্যমান অনুযায়ী বিন্যস্ত পর্যাপ্ত MODEL TEST PAPERS
- বাংলা (ভাষা-1)-র ওপর প্রাঞ্জল STUDY MATERIALS
- GRAMMAR-এর খুঁটিনাটি-সহ ইংরেজি (ভাষা-2)-র ওপর বিশেষ জোর
- শিশু মনোবিজ্ঞানের আধুনিকতম দৃষ্টিকোণ থেকে শিশুবিকাশ ও শিক্ষণপ্রণালী প্রসঙ্গে আলোচনা
- গণিত বিষয়ে পর্যাপ্ত MCQs এবং Solutions
- পরিবেশবিদ্যা ও Current Affairs সংক্রান্ত প্রশ্নোত্তর
- বিগত বছরের TET পরীক্ষাগুলির সমাধানসহ প্রশ্নপত্র

PARUL ACADEMY আয়োজিত ৩টি ONLINE MOCK TEST (১৫০ নম্বরের পূর্ণাঙ্গ প্রশ্নপত্রের ওপর) দিয়ে পরীক্ষার আগেই নিজের প্রস্তুতি, ভুলত্রুটি ও EXPECTED SCORE যাচাই করে নেওয়ার দুর্লভ সুযোগ।

FREE Mock Test: ৬ নভেম্বর, 20 নভেম্বর, 4 ডিসেম্বর

পারুল প্রকাশনী | Parul Academy

যোগাযোগ :- 9874414300 | 8100975358 | 9123638214

# প্রাইমারি টেটের প্রস্তুতি ও সাফল্য

**সম্প্রতি রাজ্য প্রাথমিক শিক্ষা পর্ষদ ১১ ডিসেম্বর প্রাইমারি 'টেট' পরীক্ষার দিন হিসাবে ঘোষণা করেছে। দীর্ঘ ৫ বছর পর, রাজ্যের লাখ-লাখ বেকার যুবক-যুবতীর কাছে এ অত্যন্ত সুখবর। হাতে সময় প্রায় নেই বললেই চলে। তাই এখন থেকেই প্রতিটি বিষয় ধরে-ধরে নিতে হবে সঠিক প্রস্তুতি। দীর্ঘ ৩৭ বছরের অভিজ্ঞতাসম্পন্ন ও চাকরি পরীক্ষার অন্যতম সেরা প্রতিষ্ঠান RICE'এর অভিজ্ঞ শিক্ষকমন্ডলী, প্রাথমিক 'টেট' পরীক্ষায় সাফল্যের জন্য প্রতিটি বিষয়ে কীভাবে প্রস্তুতি নেবেন তা নিয়ে আলোচনা করলেন।**

### বিষয় : বাংলা

প্রাথমিক টেটে যে ৫টি বিষয় থেকে প্রশ্ন আসে তার মধ্যে একটি গুরুত্বপূর্ণ বিষয় হল 'বাংলা'। পশ্চিমবঙ্গের পরীক্ষার্থীদের অনেকের মাতৃভাষা বাংলা হওয়ায় তারা বাংলা বিষয়ের ওপর তুলনামুলকভাবে কম গুরুত্ব দেন। কিন্তু এই প্রতিযোগিতায় সফল হতে গেলে বাংলা বিষয়ে ৩০ নম্বরের মধ্যে ৩০ নম্বর প্রথমেই নিশ্চিত করতে হবে। প্রাইমারি টেটে দেখে নেওয়া হয়, চাকরিপ্রার্থীদের বাংলা বিষয়ে ন্যুনতম কতটুকু জ্ঞান রয়েছে। ধ্বনি, বর্ণ, পদ, দল, ছেদ, যাতি, সন্ধি, উদ্দেশ্য-বিধেয়, ক্রিয়ার কাল, বাক্য শুদ্ধিকরণ, বানান, সমার্থক শব্দ, সমোচ্চারিত ভিন্নার্থক শব্দ, ধ্বনি পরিবর্তন, প্রবাদপ্রবচন বা বাংলা বিষয়ে সাধারণ জ্ঞান এই জায়গা থেকেই অতীতে হওয়া নানান বছরের পরীক্ষায় প্রশ্ন এসেছে। তাই বাংলা ব্যাকরণ নিয়ে ভালো করে চর্চা করতে হবে।

### বিষয় : ইংরিজি

প্রাথমিক চাকরির প্রস্তুতির ক্ষেত্রে ৩টি জিনিস খুবই গুরুত্বপূর্ণ। প্রথমটি সিলেবাস, দ্বিতীয়টি বিগত কয়েক বছরের প্রশ্নপত্র ও তৃতীয়টি কীভাবে পড়তে হবে। English বিষয়ের ক্ষেত্রে ৩০টি প্রশ্নের উত্তর দিতে হবে। প্রতিটি প্রশ্নের মান ১ নম্বর থাকে। Previous Year Questions Analysis করে English Syllabus কে ৩ ভাগে ভাগ করে নিতে হবে। Type 1 - মুখস্থ ও অভ্যাস (Memorisation Practice), Type 2 - শুধুমাত্র অভ্যাস (Only Practice), Type 3 - শিক্ষণ ও তার ধারণা (Basic Topic and its Ideas)

Type 1 - Idioms, One Word Substitution, Synonyms, Antonyms, Gender, Singular-Plural, Phrasal verb etc.

Type - Passages (Unseen)

Type - (Basic Grammar, Fill in the blanks, Error Detection, Voice, Narration etc.)

### বিষয় : অঙ্ক

প্রাথমিক শিক্ষক নিয়োগের ক্ষেত্রে ১৫০ নম্বরের লিখিত পরীক্ষায় ৫টি বিষয়ে ৩০টি করে প্রশ্ন (প্রতিটির প্রশ্নের মান ১ নম্বর) থাকে। এই ৫টি বিষয়ের মধ্যে অত্যন্ত গুরুত্বপূর্ণ হল অঙ্ক। প্রতিদিন ২ ঘণ্টা করে অনুশীলন করলেই অঙ্কে ভয় কেটে যাবে। এই বিষয়ে ৩০টি প্রশ্ন থাকে। সংখ্যা ও বিভাজ্যতা, বর্গ-বর্গমূল, ঘন-ঘনমূল, ভগ্নাংশ, দশমিক ও আবৃত্ত দশমিক, সরলীকরণ, গড়, লসাগু ও গসাগু, অনুপাত ও সমানুপাত, শতকরা, লাভক্ষতি, সময় ও কার্য, সময় ও দূরত্ব, অংশীদারি কারবার, মিশ্রণ, সরল সুদ, জ্যামিতি,পরিমিতি, ঘড়ি ও সময়, ক্যালেন্ডার নিয়ে প্রশ্ন হয়।

### বিষয় : পরিবেশ বিজ্ঞান

পরিবেশবিদ্যা বিষয়ের জন্য ৩০ নম্বর বরাদ্দ থাকে। এরমধ্যে রয়েছে পরিবেশবিদ্যার পরিধি ও গুরুত্ব, পরিবেশবিদ্যা অধ্যয়নের তাৎপর্য, পরিবেশবিদ্যার সঙ্গে সাধারণ বিজ্ঞান ও সামাজিক বিজ্ঞানের সম্পর্ক, পরিবেশবিদ্যার নানান সব দিকের সঙ্গে বাস্তব জীবনের সম্পর্ক, স্বাস্থ্য ও সুরক্ষা, বাস্তুতন্ত্র ও তার উপাদান, খাদ্যশৃঙ্খল, খাদ্যজাল, বাস্তুতান্ত্রিক পিরামিড, বায়োম সম্পর্কিত ধারণা, নানান প্রকারের অভিযোজন, পরিবেশের নানান প্রভাবক, বায়ুমণ্ডলের স্তর, জৈব ভূ-রাসায়নিক চক্র, মৃত্তিকার প্রকৃতি ও স্তর, নানান প্রকারের দুষণ যেমন বায়ুদুষণ, জলদুষণ, শব্দদুষণ, মৃত্তিকাদুষণ, তেজস্ক্রিয় দুষণ, আলোক দুষণ, বিশ্ব উষ্ণায়নের কারণ ও ফলাফল, জীববৈচিত্র্য ও তার সংরক্ষণ, প্রাকৃতিক সম্পদ, শক্তির উৎস ও স্থিতিশীল উন্নয়ন সম্পর্কিত বিষয় ও পরিবেশ সংক্রান্ত নানান সাম্প্রতিক ঘটনাবলীর কথা। টেট পরীক্ষা পুরোপুরিভাবেই অবজেকটিভ মাল্টিপল চয়েস প্রশ্নের ওপর নির্ভরশীল। এগুলির উত্তর বাইরে থেকে দেখে আপাতদৃষ্টিতে সহজ মনে হলেও পরীক্ষা হলে ছেলেমেয়েরা অনেকাংশেই ঘাবড়ে যান। মনে হয় একটি প্রশ্নের ২টি বা ৩টি সঠিক উত্তরও হতে পারে। তাই এই ধরনের সব বিষয়কে কাটিয়ে ওঠার জন্য নিয়মিত অভ্যাস ও সঠিক গাইডেন্সের প্রয়োজন।

### বিষয় : শিশু মনস্তত্ত্ব

চাইল্ড ডেভেলপমেন্ট বিষয়টি হল টেটের একটি গুরুত্বপূর্ণ বিষয়। চাইল্ড ডেভেলপমেন্ট প্রোগ্রাম থেকে যে ৩০ নম্বরের প্রশ্ন আসবে তাতে বিকাশ, শিখন, শিক্ষণ, প্রেরণা এইসব বিষয়ে সঙ্গে Pedagogy সংক্রান্ত প্রশ্নও আসবে। চাইল্ড ডেভেলপমেন্ট প্রোগ্রাম এই বিষয়ের কনসেপ্ট পরিষ্কার হলেই ছেলেমেয়েদের কাছে এই বিভাগে প্রশ্নের উত্তর করা অনেক সহজ হয়ে যায়। চাইল্ড ডেভেলপমেন্ট প্রোগ্রামের প্রত্যেকটি প্রশ্ন ভালোভাবে পড়ে উত্তর দেওয়া খুবই দরকার। কারণ অনেক ক্ষেত্রে প্রশ্নকে এমন ভাবে সাজানো হয় যাতে উত্তর করার ক্ষেত্রে চিন্তা করে উত্তর করা খুব জরুরি। টেট পাশ করার জন্য ছেলেমেয়েদের সেরার সেরা হতে হবে। আর তার জন্য দরকার যথেষ্ট অধ্যাবসায় ও সুগঠিত চিন্তা ভাবনা। সামনে সময় খুব কম থাকায় প্রথমেই সুপরিকল্পিত একটি স্টাডি প্ল্যানের দরকার, যাতে সময়কে সঠিকভাবে ব্যবহার করা যায়। এরপরই কনসেপ্টের ওপর বেশি গুরুত্ব দিতে হবে। এর ফলে যেখান থেকেই প্রশ্ন আসুক না কেন ছেলেমেয়েদের নম্বর পেতে কেউ আটকাতে পারবে না। টেটে ৫টি বিষয়কেই সমানভাবে গুরুত্ব দিয়ে প্র্যাকটিস সেটের সব প্রশ্নের সমাধান করতে হবে। এমনভাবে প্রস্তুতি নাও যেন সিলেবাসের একটিও প্রশ্নের উত্তর তোমার অজানা না থাকে। দীর্ঘ ৩৭ বছরের অভিজ্ঞতাসম্পন্ন প্রতিষ্ঠান রাইস এডুকেশনের, অভিজ্ঞ শিক্ষকরা সুনির্দিষ্ট পরিকল্পনা অনুযায়ী দীর্ঘদিন ধরে ছেলেমেয়েদের নতুন দিশা দেখিয়ে এসেছে যা আজও অপ্রতিরোধ্য। নিয়মিত রুটিনমাফিক ক্লাস, অভিজ্ঞ শিক্ষক-শিক্ষিকাদের নিরন্তর মনিটরিং, উন্নত স্টাডি মেটিরিয়াল, নিয়মিত মক টেস্ট ইত্যাদির কারণে রাইস আজও অনন্য। যেকোন প্রতিযোগিতামূলক পরীক্ষায় সাফল্যের ক্ষেত্রে প্রাতিষ্ঠানিক গাইডেন্স সর্বদাই লাইটহাউসের মতো কাজ করে। সেক্ষেত্রে এখান থেকে প্রস্তুতি নিলে টেটে সাফল্য আসবে ধরেই নেওয়া যায়। সবার জন্য পরীক্ষার শুভকামনা রইল।

## ৩২ জুনিয়র অ্যাসিস্ট্যান্ট


১ পাতার পর

ছেলেমেয়ে নিচ্ছে।

মোট অন্তত ৫০% নম্বর পেয়ে মাধ্যমিক পাশরা মেকানিক্যাল, অটোমোবাইল বা, ফায়ার ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্সে মোট অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। মোট অন্তত ৫০% নম্বর পেয়ে উচ্চমাধ্যমিক পাশরাও আবেদন করতে পারেন।

সব ক্ষেত্রেই ভারি গাড়ি চালানোর বৈধ লাইসেন্স (এই লাইসেন্স অন্তত ২ বছরের পুরনো হতে হবে) থাকতে হবে। অন্তত ১ বছরের পুরনো মাঝারি গাড়ি চালানোর বৈধ লাইসেন্স কিংবা অন্তত ২ বছরের পুরনো হাল্কা মোটর ভেহিক্যাল লাইসেন্স থাকলেও আবেদনের যোগ্য। উচ্চমাধ্যমিকে কম্পিউটার সায়েন্স একটি বিষয় হিসাবে / এন.সি.সি:'র 'বি' সার্টিফিকেট / বেসিক ফায়ার ফাইটিং ট্রেনিং / নাগপুরের ন্যাশনাল ফায়ার সার্ভিস কলেজের সাব-ফায়ার অফিসার কোর্স বা, অ্যাভিয়েশন / রেগুলার / ইন্ডাস্ট্রিয়াল ফায়ার সার্ভিস অভিজ্ঞতা থাকলে ভালো হয়। বয়স হতে হবে ৩০-৯-২০২২'র হিসাবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ছেলেদের বেলায় ১৬৭ সেমি, বুকের ছাতি না-ফুলিয়ে অন্তত ৮১ সেমি ও ফুলিয়ে ৮৬ সেমি আর ওজন অন্তত ৫৫ কেজি। মেয়েদের বেলায় শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৫৭ সেমি আর ওজন অন্তত ৪৫ কেজি। দৃষ্টিশক্তি দরকার দূরের বেলায় ৬/৬ ও কাছের বেলায় এন-৫। মূল মাইনে :৩১,০০০-৯২,০০০ টাকা। শূন্যপদ : ৩২টি (জেনাঃ ১৬, ও.বি.সি. ৩, তঃজাঃ ২, তঃউঃজাঃ ৩, ই.ডব্লু.এস. ৩, প্রাঃসঃকঃ ৪, অন্যান্য ১)। সিরিয়াল নং : 3.

প্রার্থী বাছাই হবে কম্পিউটার বেসড / অনলাইন পরীক্ষা ও ইন্টারভিউয়ের মাধ্যমে। এরপর শারীরিক মাপজোখের পরীক্ষা, গাড়ি চালানোর পরীক্ষা ও ফিজিক্যাল এন্ডিওরেন্স টেস্ট হবে। পরীক্ষা হবে কলকাতা, ভুবনেশ্বর ও রায়পুরে। লিখিত পরীক্ষায় ১০০টি প্রশ্ন হবে। এর মধ্যে ৫০টি প্রশ্ন হবে সংশ্লিষ্ট শিক্ষাগত যোগ্যতার ওপর আর ৫০টি প্রশ্ন হবে জেনারেল নলেজ, জেনারেল ইন্টেলিজেন্স, জেনারেল অ্যাপ্টিটিউট ও ইংরিজি বিষয়ে। সফল হলে ৪ মাসের ট্রেনিং হবে। দরখাস্ত করবেন অনলাইনে, ১০ নভেম্বর পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.aai.aero এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের রঙিন ফটো ও সিগনেচার জে.পি.ই.জি. ফর্ম্যাটে স্ক্যান করে নেবেন। এই পদের বিজ্ঞপ্তি নং : ER/01/2022. প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। এরপর ফী পেমেন্ট চালান ও রেজিস্ট্রেশন স্লিপ প্রিন্ট করে নেবেন। তখন পরীক্ষা ফী বাবদ ১,০০০ টাকা অনলাইনে জমা দেবেন। তপশিলী, প্রতিবন্ধী ও মহিলাদের ফী লাগবে না। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।



## আই.আর.সি.টি.সি.-তে ৮০ অ্যাপ্রেন্টিস

ইন্ডিয়ান রেলওয়ে ক্যাটেরিং অ্যান্ড ট্যুরিজম কর্পোরেশন লিমিটেড (আই.আর.সি.টি.সি.) 'কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট (সি.ও.পি.এ.)' ট্রেডে অ্যাপ্রেন্টিস হিসাবে ৮০ জন লোক নিচ্ছে। মোট অন্তত ৫০% নম্বর পেয়ে মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। বয়স হতে হবে ১-৪-২০২২'এর হিসাবে ১৫ থেকে ২৫ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। ১ বছরের ট্রেনিং। স্টাইপেন্ড ৫,০০০-৯,০০০ টাকা (শিক্ষাগত যোগ্যতার ক্যাটেগরি অনুযায়ী)। এই ট্রেনিংয়ের বিজ্ঞপ্তি নং : 2022/IRCTC/NZ/HRD/Apprentices, Date: 07.10.2022.

আগ্রহী প্রার্থীদের প্রথমে নাম রেজিস্ট্রেশন করতে হবে, ২৫ অক্টোবরের মধ্যে। এই ওয়েবসাইটে : www.apprenticeshipindia.gov.in নাম রেজিস্ট্রেশন করার সময় বয়স, শিক্ষাগত যোগ্যতা, কাস্ট সার্টিফিকেট ইত্যাদি প্রমাণপত্রের স্ব-প্রত্যয়িত কপি স্ক্যান করে নেবেন। আরো বিস্তারিত তথ্য ওই ওয়েবসাইটে পাবেন।


Central Institute of Petrochemicals Engineering and Technology : CSTS - Haldia
(Formerly known as Central Institute of Plastics Engineering & Technology)
(Dept. of Chemicals & Petrochemicals, Ministry of Chemicals & Fertilizers, Govt. of India)
Ph. No.: +91-3224-255534, E-mail: haldia@cipet.gov.in, website: www.cipet.gov.in

SPOT ADMISSION
IN DIPLOMA & POST GRADUATE DIPLOMA
in the field of Plastics Engineering

Course Offered:
- Diploma in Plastics Mould Technology (DPMT)
- Diploma in Plastics Technology (DPT)
- Post Graduate Diploma in Plastics Processing & Testing (PGD-PPT)

LIMITED SEAT ONLY | *FIRST COME FIRST SERVE AGAINST VACANT SEAT
LAST DATE OF ADMISSION: 25.10.2022
✆ 7001187413, 9749042189, 9002065809

PARUL ACADEMY-তে
সুবর্ণ সুযোগ!
আসন্ন TET ২০২২ পরীক্ষার প্রস্তুতির জন্য ৮০টি ONLINE CLASS মাত্র ₹২০০০ -এ।
তাই আজই Register করুন PARUL ACADEMY APP - এ।
সত্বর Register করলে ৫টি Free Online Class.
LIMITED SEATS AVAILABLE!
Register করতে অথবা বিশদে জানতে login করুন
www.parulacademy.com
ফোন করুন
8100781903
9903092972
9073378341
PARUL ACADEMY ESTD 2020




Airport সংলগ্ন Export এবং Official কাজের জন্য মেয়ে চাই।
M: 9933307711

Jadavpur University
Clinical Research Centre (CRC)
In Collaboration with Amri Hospital, Kolkata announces Certificate Course in "Pharmacovisilence in Clinical Research".
Duration : 9 months,
Eligibility : Graduate (Science) and Above.
Last Date of Application 29 October 2022.
100% Job Assistance.
Cont. : 9088401354

প্রাইমারি টেটের আবেদন ৩ নভেম্বর পর্যন্ত
পরীক্ষা হবে : ১১ ডিসেম্বর, ২০২২
TET-2022 এর Form Fill-up সংক্রান্ত কিছু তথ্য
- www.wbbpe.org ওয়েবসাইটে বৈধ ইমেল আইডি ও ফোন নম্বর দিয়ে অ্যাপ্লিকেশনে ঢুকতে হবে।
- Passport size Photograph, Signature (JPG, JPEG, PNG Format) এর Scanned image : 5 kb - 100 kb.
- Training Qualification এর documents (Final Marksheet /Part-I Marksheet / Registration Certificate / Proof of Admission, আধার কার্ডের উভয় পিঠের scanned copy 1 mb সাইজের মধ্যে আপলোড করতে হবে।
- ট্রেনিং সম্পন্ন হলে Passed, 1st Year এর রেজাল্ট পেলে Appeared, ট্রেনিংয়ে সবে ভর্তি হলে Pursuing অপশনে ক্লিক করতে হবে।
- অনার্স গ্র্যাজুয়েটরা কেবলমাত্র অনার্স পেপারের নম্বর দেবেন।

আরো বিস্তারিত তথ্য জানতে আপনার নিকটবর্তী GSCE কেন্দ্রে সত্বর যোগাযোগ করুন
CONVOCATION 2022
GSCE SEALDAH Date : 06.11.2022
Helpline : 9830277100 / 200 / 300 Website : www.gsceindia.org

GSCE কেন্দ্র
শিয়ালদহ (HO) : 9674087465, 9051040306
কোচবিহার : 9830277023
আলিপুরদুয়ার : 9674033336
দিনহাটা : 9830277698
জলপাইগুড়ি : 9674025600
ধূপগুড়ি : 9830277257
শিলিগুড়ি : 9674087473
কালিম্পং : 9830277171
মালদা : 9674087472
বহরমপুর : 9674087471
কৃষ্ণনগর : 9674087470
রানাঘাট : 9674083508
কল্যাণী : 9674087469
ব্যারাকপুর : 9230056668
ডানলপ : 9230056673
বারাসাত : 9674087467
কোন্নগর : 9230056667
সোনারপুর : 9674087466
পঃ মেদিনীপুর : 9230056671
ঝাড়গ্রাম : 9674087874
বর্ধমান : 9674025700
বোলপুর : 9674012025
ব্যান্ডেল : 9230056669
কাটোয়া : 9830277230
মানকুণ্ডু : 9804956565

GSCE পড়লেই সরকারি চাকরি
George Telegraph • Since 1920



100% Placement Assistance
Ideal Institute of Nursing

# সাধারণ জ্ঞান

**এখন সব রকমের চাকরির পরীক্ষায় সাধারণ জ্ঞান বিষয়ে প্রশ্ন আসছেই। দুঃখের কথা এ নিয়ে যতটা গুরুত্ব দেওয়া উচিত ছেলেমেয়েরা ততটা দেয় না। কেন? কারণ হিসাবে তারা বলছে এতবড় সিলেবাস, কোথা থেকে কী প্রশ্ন আসবে? কী ধরণের প্রস্তুতি নিলে সাধারণ জ্ঞান বিষয়েও কমন পাওয়া যাবে তা বুঝে ওঠা প্রায় অসম্ভব। এই সমস্যা সমাধানে এবার থেকে সাধারণ জ্ঞানের বিষয়ভিত্তিক ব্যাপারে জোর দিয়ে চাকরির উপযোগী পুরোপুরি নতুন ধরনের সম্ভাব্য প্রশ্নোত্তরের সেট দেওয়া হচ্ছে।**

## সাধারণ বিজ্ঞান

১। 'বেলচা' কোন শ্রেণির লিভারের অন্তর্গত — প্রথম শ্রেণি।

২। তাপ বিকিরণ মাপার যন্ত্রকে কী বলে — রেডিও মাইক্রোমিটার।

৩। বেকারি শিল্পে কেক ও পাঁউরুটি তৈরিতে কোন ছত্রাক ব্যবহৃত হয় — ঈস্ট।

৪। দেহ পরিপোষক খাদ্য কোনটি — প্রোটিন।

৫। উদ্ভিদদেহে কোন খনিজের অভাবে 'ক্লোরোসিস' রোগ দেখা যায় — ম্যাগনেশিয়াম।

৬। কোন উদ্ভিদ সালোকসংশ্লেষে অক্ষম — ঈস্ট।

৭। ফণীমনসার কিরকম অভিযোজন দেখা যায় — জাঙ্গল।

৮। কোন উদ্ভিদে জরায়ুজ অঙ্কুরোদগম দেখা যায় না — নারকেল।

৯। 'বায়োজেনেটিক' তত্ত্বের প্রবক্তা কে — আর্নস্ট হেকেল।

১০। সংশ্লেষের ফলে সৃষ্ট জাইগোটকে কী বলে — জুস্পোর।

## ইতিহাস

১১। চন্দ্রগুপ্তের মায়ের নাম কী ছিল — মুরা।

১২। বিন্দুসার কোন উপাধি নিয়েছিলেন — অমিত্রঘাত।

১৩। ১৫ আগষ্ট ভারতের স্বাধীনতা দিবস। ওইদিন কোন স্বাধীনতা



সংগ্রামীর জন্মদিন — অরবিন্দ ঘোষ।

১৪। নন্দ বংশের শেষ রাজা কে ছিলেন — ধননন্দ।

১৫। 'গৌড়বাহো' কাব্য কে রচনা করেন — বাকপতি।

১৬। 'বিক্রমশীলা বিশ্ববিদ্যালয়' কার আদেশে তৈরি হয়েছিল — ধর্মপাল।

১৭। শশাঙ্কের রাজধানীর নাম কী ছিল — কর্ণসুবর্ণ।

১৮। গিয়াস-উদ-দ্দীন বলবনের আদি নাম কী ছিল — বাহা-উদ-দ্দীন।

১৯। ইলতুৎমিসের প্রধান দাস কর্মচারীরা যে সমিতি গড়ে তোলেন, তার নাম কী ছিল — বন্দেগান-ই চাহালগান।

২০। 'ইন্ডিয়ান ইন্ডিপেন্ডেন্স লিগ' কে গঠন করেন — রাসবিহারী বসু।

## ভূগোল

২১। কোন দিন সূর্যের উত্তরায়ণ শুরু হয় — ২১ ডিসেম্বর।

২২। পৃথিবীর কোন অঞ্চলে সারা বছর শীতকাল — মেরু অঞ্চলে।

২৩। কোন শ্রেণির শিলায় জীবাশ্ম দেখা যায় — পাললিক শিলায়।

২৪। 'লাইমস্টোন' কী জাতীয় শিলা — জৈবপদার্থ দিয়ে গঠিত পাললিক শিলা।

২৫। অযোধ্যা পাহাড়ের সর্বোচ্চ শৃঙ্গের নাম কী — গোরগাবুরু।

২৬। ভারতের কোন শহর গঙ্গা-যমুনা ও সরস্বতী নদীর সঙ্গমস্থলে আছে — এলাহবাদ।

২৭। ভারতের 'ব্যাঘ্র প্রকল্প' কবে শুরু হয় — ১৯৭৩ সালের ১ এপ্রিল।

২৮। দাক্ষিণাত্যের সবথেকে বড় নদী কোনটি — গোদাবরী।

২৯। 'তিলাইয়া বাঁধ' কোন নদীর ওপর আছে — দামোদর।

৩০। ভারতের কোন শহরে ডিজেল লোকোমোটিভ ইঞ্জিন তৈরি হয় — বেনারস।

## অর্থনীতি

৩১। ২০২২ সালে 'আইআইএফএল ওয়েলথ হারুন ইন্ডিয়া ৪০ অ্যান্ড আন্ডার সেল্ফ-মেড রিচ লিস্ট'এ কে শীর্ষ স্থান পেলেন — ভারতের বৃহত্তম স্টক ব্রোকার 'জিরোধা' কোম্পানির সহ-প্রতিষ্ঠাতা নিখিল কামাথ (তাঁর মোট সম্পত্তির পরিমাণ ১৭,৫০০ কোটি টাকা)।

৩২। কোন ব্যাঙ্ক সম্প্রতি হায়দরাবাদের 'সাইবার সিকিউরিটি সেন্টার অফ এক্সেলেন্স'এ একটি এথিক্যাল হ্যাকিং ল্যাবের উদ্বোধন করল — ইউনিয়ন ব্যাঙ্ক অফ ইন্ডিয়া।

৩৩। কোন সংস্থা সম্প্রতি নতুন মডেলের বৈদ্যুতিক গাড়ি 'টাটা টিয়াগো ইভি' চালু করল — টাটা মোটরস।

৩৪। ২০২২ সালের সেপ্টেম্বরে, মোট জিএসটি সংগ্রহের পরিমাণ কত — ১.৪৭ লাখ কোটি টাকা।

৩৫। 'ইন্ডিয়ান ওভারসিজ ব্যাঙ্ক'এর ম্যানেজিং ডিরেক্টর ও চিফ এক্সিকিউটিভ অফিসার হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — অজয় কুমার শ্রীবাস্তব।

৩৬। সম্প্রতি কোন দেশের গ্রাহকদের জন্য 'কার্বন ক্যালকুলেটর ফিচার্স' চালু করল 'মাস্টারকার্ড' — ভারত।

৩৭। সম্প্রতি কোন দেশের 'অপটাস' নামে টেলিকম কোম্পানি সাইবার হামলার শিকার হল — অস্ট্রেলিয়া।

৩৮। 'ইয়েস ব্যাঙ্ক'এর ম্যানেজিং ডিরেক্টর ও চিফ এক্সিকিউটিভ অফিসার হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — প্রশান্ত কুমার।

## সাম্প্রতিক ঘটনা

৩৯। 'ন্যাশনাল লিগ্যাল সার্ভিসেস অথরিটি'র পরবর্তী এক্সিকিউটিভ চেয়ারপার্সন হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — 'সুপ্রিম কোর্ট'এর বিচারপতি ধনঞ্জয় যশবন্ত চন্দ্রচূড়।

৪০। রাজ্যে নতুন ৩টি জেলা যুক্ত হওয়ার পর, এখন ছত্তিশগড়ের মোট জেলার সংখ্যা কত — ৩১।

৪১। পৃথিবীতে সম্প্রতি কোন শ্রেণির ভূ-চৌম্বকীয় ঝড় আঘাত হানল — জি-২ (মধ্যম) শ্রেণির।

৪২। কাকে সম্প্রতি নেপাল সেনাবাহিনীর সম্মানসূচক পদমর্যাদায়



ভূষিত করা হল — ভারতীয় সেনাপ্রধান জেনারেল মনোজ পান্ডে।

৪৩। দেশের স্কুলগুলির সার্বিক উন্নয়নের জন্য, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সম্প্রতি কোন প্রকল্পের ঘোষণা করেছেন — 'প্রধানমন্ত্রী স্কুলস ফর রাইজিং ইন্ডিয়া' যোজনা।

৪৪। 'আমেরিকান এক্সপ্রেস ব্যাঙ্কিং কর্পোরেশন লিমিটেড'এর চিফ এক্সিকিউটিভ অফিসার ও কান্ট্রি ম্যানেজার হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — সঞ্জয় খান্না।

৪৫। সম্প্রতি প্রয়াত উপ্পালাপতি ভেঙ্কটা কৃষ্ণম রাজু (৮২ বছর) কোন ভাষার অভিনেতা ছিলেন — তেলুগু।

৪৬। অ্যাঙ্গোলার প্রেসিডেন্ট এখন কে — জোয়াও লরেঙ্কো।

৪৭। সম্প্রতি কোন দিনটিকে আনুষ্ঠানিকভাবে 'স্কুইড গেম দিবস' হিসাবে মনোনীত করল লস অ্যাঞ্জেলেস সিটি — ১৭ সেপ্টেম্বর (দক্ষিণ কোরিয়ার নেটফ্লিক্স সিরিজ 'স্কুইড গেম'এর সাফল্যের স্বীকৃতি হিসাবে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে)।

৪৮। ভারতের প্রথম রাজ্য হিসাবে, কারা সম্প্রতি 'মিশন অমৃত সরোবর'এর অধীনে, দেশে ৮,৬৪২টি অমৃত সরোবর (হ্রদ) তৈরি করে শীর্ষে স্থান পেল — উত্তর প্রদেশ।

৪৯। ভারতের কোন রাজ্যে 'ন্যাশনাল মেরিটাইম হেরিটেজ কমপ্লেক্স' তৈরি হতে চলেছে — গুজরাত।

৫০। ভারতের অ্যাটর্নি জেনারেল এখন



কে — আর. ভেঙ্কটরামানি।

৫১। 'বুরজিল হোল্ডিংস'এর প্রচার দূত হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — বলিউড অভিনেতা শাহরুখ খান।

৫২। ভারতের কোন রাজ্যের সরকারি স্কুলগুলি সপ্তাহের প্রতি মঙ্গলবার দিনটিকে 'সুস্বত্তা দিবস' হিসাবে পালনের সিদ্ধান্ত নিয়েছে — ঝাড়খণ্ড।

৫৩। ভারতের প্রথম বন বিশ্ববিদ্যালয় কোথায় গড়ে উঠতে চলেছে — তেলেঙ্গানা।

৫৪। ইরিত্রিয়ায়, ভারতের পরবর্তী রাষ্ট্রদূত হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — প্রকাশ চাঁদ।

৫৫। কেরালা বিধানসভার অধ্যক্ষ হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — এ.এন.শামসির।

৫৬। হরপ্পা সংস্কৃতির ওপর বিশ্বের বৃহত্তম মিউজিয়াম কোথায় তৈরি হতে চলেছে — হরিয়ানার রাখিগড়ীতে।

৫৭। জাপানে, ভারতের পরবর্তী রাষ্ট্রদূত হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — সিবি জর্জ।

৫৮। সম্পূর্ণ ডিজিটাল অ্যাড্রেসিং সিস্টেম বাস্তবায়নের জন্য, কোন শহর সম্প্রতি সফটওয়্যার কোম্পানি 'পাটা নেভিগেশনস প্রাইভেট লিমিটেড'এর সঙ্গে সমঝোতা চুক্তি স্বাক্ষর করল — ইন্দোর (এর ফলে, ডিজিটাল ঠিকানা-সহ দেশের প্রথম 'স্মার্ট সিটি' হতে চলেছে মধ্য প্রদেশের এই শহরটি)।

৫৯। সম্প্রতি অরুণাচল প্রদেশে, ভারতীয় সেনাবাহিনীর কিবিথু সামরিক বেস ক্যাম্পের নামকরণ করা হল কার নামে — দেশের প্রথম চিফ অফ ডিফেন্স স্টাফ প্রয়াত জেনারেল বিপিন রাওয়াত (এখন এই বেস ক্যাম্পের নাম 'জেনারেল বিপিন রাওয়াত মিলিটারি গ্যারিসন')।

৬০। ভারত-পাক-ই-স্তান সীমান্ত বরাবর প্রথম মহিলা উট রাইডিং স্কোয়াড মোতায়েন করছে কারা — বর্ডার সিকিউরিটি ফোর্স।

৬১। 'কেন্দ্রীয় চিড়িয়াখানা কর্তৃপক্ষ'এর মাধ্যমে প্রকাশিত তালিকায়, কোন চিড়িয়াখানা সম্প্রতি দেশের মধ্যে সেরা চিড়িয়াখানার শিরোপা পেল — পশ্চিমবঙ্গের দার্জিলিংয়ের 'পদ্মজা নাইডু হিমালয়ান জুলজিক্যাল পার্ক'।

৬২। ভারতের কোন রাজ্য সরকার সম্প্রতি 'কমিউনিটি হারনেসিং অ্যান্ড হার্ভেস্টিং রেনওয়াটার আর্টিফিশিয়ালি ফ্রম টেরেস টু অ্যাকুইফার' নামে বৃষ্টির জল সংগ্রহের প্রকল্প চালু করল — ওড়িশা।

৬৩। কোন রাজ্য/কেন্দ্রশাসিত অঞ্চল সম্প্রতি ভারতের প্রথম 'স্বচ্ছ সুজল প্রদেশ'এর তকমা পেল — আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জ।

৬৪। ভারতের বাণিজ্য সচিব হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — সুনীল বর্থবাল।

৬৫। নেদারল্যান্ডসে, মার্কিন যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — ভারতীয় বংশোদ্ভূত শেফালি রাজদান দুগ্গাল।

৬৬। 'এশিয়া প্যাসিফিক ফোরাম'এর গভর্ন্যান্স কমিটির সদস্য হিসাবে সম্প্রতি কে নির্বাচিত হলেন — অবসরপ্রাপ্ত বিচারপতি অরুণ কুমার মিশ্র।

৬৭। নির্মাণাধীন রাজ্য সচিবালয় কমপ্লেক্সের নাম সম্প্রতি কার নামে রাখার সিদ্ধান্ত নিল তেলেঙ্গানা সরকার — সংবিধানের জনক ড.ভীমরাও রামজি আম্বেদকর।

৬৮। ২০২২-'২৩ সালের জন্য, 'সোসাইটি অফ ইন্ডিয়ান অটোমোবাইল ম্যানুফ্যাকচারার্স'এর প্রেসিডেন্ট হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — বিনোদ আগরওয়াল।

৬৯। কাকে সম্প্রতি রাষ্ট্রসঙ্ঘ শিশু তহবিলের শুভেচ্ছা দূত হিসাবে মনোনীত করল 'ইউনিসেফ' — উগান্ডার ২৫ বছর বয়সি জলবায়ু কর্মী ভ্যানেসা নাকাতে।

৭০। আহমেদাবাদের মণিনগরের 'এএমসি মেট মেডিক্যাল কলেজ'এর নাম বদলে সম্প্রতি কার নামে রাখা হল — প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী (এখন থেকে এই কলেজের নাম 'নরেন্দ্র মোদী মেডিক্যাল কলেজ')।

৭১। কোথায় সম্প্রতি ভারতের প্রথম লিথিয়াম-আয়ন সেল কারখানা চালু হল — অন্ধ্র প্রদেশের তিরুপতি।

৭২। কে সম্প্রতি ফ্রান্সের সর্বোচ্চ নাগরিক সম্মান 'নাইট অফ দ্য লিজিয়ঁ অফ অনর' পেলেন — 'পিরামল গ্রুপ'এর ভাইস চেয়ারপার্সন স্বাতী পিরামল।

৭৩। প্রয়াত কন্নড় অভিনেতা পুনিত রাজকুমারের জন্মবার্ষিকীকে (১৭ মার্চ) সম্প্রতি কোন দিবস হিসাবে পালনের সিদ্ধান্ত নিল কর্ণাটক সরকার — অনুপ্রেরণা দিবস।

৭৪। কে সম্প্রতি বিশ্বের প্রথম 'চিতা পুনর্বাসন প্রকল্প' চালু করলেন — প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী (এই প্রকল্পের আওতায়, আফ্রিকার নামিবিয়া থেকে আনা ৮টি চিতাকে মধ্য প্রদেশের 'কুনো জাতীয় উদ্যান'এ ছাড়লেন নরেন্দ্র মোদী)।

৭৫। দেশের প্রথম পুলিশ বাহিনী হিসাবে, কারা ৬ বছরেরও বেশি শাস্তিযোগ্য অপরাধের ক্ষেত্রে ফরেন্সিক প্রমাণ সংগ্রহ বাধ্যতামূলক করছে — দিল্লি পুলিশ।

৭৬। ভারতীয় সেনাবাহিনী কোথায় সম্প্রতি স্যাটেলাইট ভিত্তিক ইন্টারনেট পরিষেবা চালু করল — বিশ্বের উচ্চতম যুদ্ধক্ষেত্র 'সিয়াচেন' হিমবাহের ১৯,০৬১ ফুট উচ্চতায়।

৭৭। মহারাষ্ট্রের ঔরঙ্গাবাদ শহরের কাছে অবস্থিত দৌলতাবাদ দুর্গের নাম বদল করে নতুন নাম কী রাখা হচ্ছে — দেবগিরি।

## খেলাধুলা

৭৮। ২০২২ সালে কোন দল 'লেভার কাপ' জিতল — টিম ওয়ার্ল্ড (এই কাপটি পুরুষদের টেনিস খেলার সঙ্গে যুক্ত)।

৭৯। কে সম্প্রতি টোয়েন্টি-২০ ক্রিকেটে সবথেকে বেশি ছক্কা মারার রেকর্ড গড়লেন — রোহিত শর্মা (এখন টোয়েন্টি-২০ ক্রিকেটে তাঁর মোট ছক্কা মারার সংখ্যা ১৭৬)।

৮০। সম্প্রতি আন্তর্জাতিক ক্রিকেট থেকে অবসর ঘোষণাকারী ঝুলন গোস্বামী ভারতের কোন রাজ্যের বাসিন্দা — পশ্চিমবঙ্গ।

৮১। ২০২৩ সালে 'ওয়ার্ল্ড টেস্ট চ্যাম্পিয়নশিপ'এর ফাইনাল আয়োজন করবে কোন স্টেডিয়াম — দ্য ওভাল।

৮২। ২০২৩ সালে 'মোটোজিপি ওয়ার্ল্ড চ্যাম্পিয়নশিপ' আয়োজন করবে কোন দেশ — ভারত (উত্তর প্রদেশের গ্রেটার নয়ডার 'বুদ্ধ ইন্টারন্যাশনাল সার্কিট'এ এটি আয়োজিত হবে)।

৮৩। ২০২২ সালে কোন দল 'ইরানি কাপ' জিতল — অবশিষ্ট ভারতীয় দল (সৌরাষ্ট্রকে ৮ উইকেটে হারিয়ে)।

৮৪। কোন ভারতীয় জ্যাভলিন থ্রোয়ার সম্প্রতি ডোপিং বিরোধী আইন লঙ্ঘনের কারণে, ২০২৫ সালের অক্টোবর পর্যন্ত যেকোনো ধরনের প্রতিযোগিতা থেকে বরখাস্ত হলেন — শিবপাল সিং।

৮৫। ২০২২ সালে কে 'সিঙ্গাপুর ফর্মুলা ওয়ান গ্রাঁ প্রি' জিতলেন — রেড বুলের ড্রাইভার সের্জিও পেরেজ।

৮৬। কোন দল সম্প্রতি অস্ট্রেলিয়ার সিডনি সুপারডোমে অনুষ্ঠিত 'আন্তর্জাতিক বাস্কেটবল ফেডারেশন'এর মহিলা বাস্কেটবল বিশ্বকাপ জিতল — মার্কিন যুক্তরাষ্ট্র (চিনকে ৮৩-৬১ ব্যবধানে হারিয়ে)।

৮৭। গুজরাতের আহমেদাবাদে অনুষ্ঠিত, ৩৬ তম 'জাতীয় গেমস'এ পুরুষদের র‍্যাপিড ফায়ার পিস্তল বিভাগে কে সম্প্রতি সোনার পদক পেলেন — হরিয়ানার অনীশ।

৮৮। সম্প্রতি 'নর্থ চ্যানেল' অতিক্রমকারী প্রবীণ ভারতীয় সাঁতারু কে — প্রবীণ



অসমিয়া সাঁতারু এলভিস আলি হাজারিকা।

৮৯। গুজরাতের আহমেদাবাদে অনুষ্ঠিত, ৩৬ তম 'জাতীয় গেমস'এ মহিলাদের ৪৯ কেজি ভারোত্তোলন বিভাগে কে সম্প্রতি সোনার পদক পেলেন — মীরাবাই চানু (স্ন্যাচে ৮৪ কেজি ও ক্লিন অ্যান্ড জার্কে ১০৭ কেজি মিলিয়ে, মোট ১৯১ কেজি ওজন তুলেছেন তিনি)।

**সঙ্কলক : পলি দেওয়ান**

## প্রাইমারি ‘টেট’এর ফর্ম

১ পাতার পর

আবেদন করতে পারেন।

(খ) মোট অন্তত ৫০% (তপশিলী, ও.বি.সি., প্রতিবন্ধী, প্রাঃসঃকঃ, এক্সেমটেড ক্যাটেগরি হলে ৪৫%) নম্বর পেয়ে যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা ব্যাচেলর অফ এলিমেন্টারি এডুকেশন (বি.এল.এড.)'এর ৪ বছরের কোর্স পাশ হলে আবেদন করতে পারেন।

(গ) মোট অন্তত ৫০% (তপশিলী, ও.বি.সি., প্রতিবন্ধী, প্রাঃসঃকঃ, এক্সেমটেড ক্যাটেগরি হলে ৪৫%) নম্বর পেয়ে যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা রিহ্যাবিলিটেশন কাউন্সিল অফ ইন্ডিয়া ( আর.সি.আই.) স্বীকৃত প্রতিষ্ঠান থেকে ডিপ্লোমা ইন এডুকেশন (স্পেশাল এডুকেশন)'এর কোর্স পাশ হলে আবেদন করতে পারেন।

(ঘ) মোট অন্তত ৫০% (তপশিলী, ও.বি.সি., প্রতিবন্ধী, প্রাঃসঃকঃ, এক্সেমটেড ক্যাটেগরি হলে ৪৫%) নম্বর পেয়ে যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা বি.এড. কোর্স পাশ হলেও এবার আবেদন করতে পারেন।

এন.সি.টি.ই. স্বীকৃত প্রতিষ্ঠানে যাঁরা ২ বছরের ডি.এল.এড. কোর্স / ২ বছরের ডি.এড. (স্পেশাল এডুকেশন) কোর্স /বি.এড. কোর্সে এবছর নাম এনরোল্ড করেছেন, তাঁরাও এবার এই ‘টেট’ পরীক্ষা দিতে পারবেন।

ওপরের সব শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রেই ডিগ্রি ও ডিপ্লোমা কোর্স হিসাব করা হবে ২৯-০৯-২০২২'র হিসাবে। এই পদের বিজ্ঞপ্তি নং :1572/WBBPE/2022, Date: 29.09.2022.

সব ক্ষেত্রেই প্রথম ভাষা হিসাবে বাংলা, হিন্দি, উর্দু, নেপালী, সাঁওতালি, ওড়িয়া বা, তেলুগু ভাষা থাকতে হবে। দ্বিতীয় ভাষা হিসাবে সবার জন্য ইংরিজি বিষয় থাকতে হবে।

বয়স হতে হবে ১-১-২০২২'এর হিসাবে ৪০ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি. সম্প্রদায়ের প্রার্থীরা ৩ বছর ও প্রতিবন্ধীরা যথারীতি বয়সে ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করবে পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা পর্ষদ। ২০২২ সালের ‘টিচার্স এলিজিবিলিটি টেস্ট বা, টেট'এর মাধ্যমে। ১৫০ নম্বরের এই TET হবে, সারা রাজ্যে একই দিনে, ১১ ডিসেম্বর, রবিবার। এই টেস্টে থাকবে এই ৫টি বিষয় : (১) শিশু মনস্তত্ত্ব ও উন্নয়ন-৩০ নম্বর, (২) প্রথম ভাষা (যে মাধ্যমের স্কুলে দরখাস্ত করবেন সেই ভাষা) -৩০ নম্বর, (৩) দ্বিতীয় ভাষা (ইংরিজি) - ৩০ নম্বর, (৪) অঙ্ক - ৩০ নম্বর, (৫) পরিবেশ বিজ্ঞান -৩০ নম্বর। প্রশ্ন হবে অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের। প্রতিটি প্রশ্নে থাকবে ১ নম্বর। নেগেটিভ মার্কিং নেই। এই ‘টেট' পরীক্ষায় ৬০% (তপশিলী, ও.বি.সি., প্রাঃসঃকঃ, প্রতিবন্ধী ও এক্সেমটেড ক্যাটেগরি হলে ৫৫%) নম্বর পেলে সফল হবেন।

প্রসঙ্গত উল্লেখ্য, এই ‘টেট' পাশ করা মানে প্রাইমারি টিচার পদে চাকরি পাওয়া নয়। ‘টেট' সফল হলে ‘প্রাইমারি টিচার' পদের প্রার্থী বাছাইয়ের ইন্টারভিউয়ের জন্য দরখাস্ত করতে পারবেন। তখন প্রাথমিক শিক্ষা পর্ষদ আবার নতুন করে বিজ্ঞপ্তি দিয়ে ‘টেট' পাশ প্রার্থীদের থেকে দরখাস্ত নেবে। ‘টেট'এ পাওয়া নম্বর ও ইন্টারভিউয়ে পাওয়া নম্বর দেখে তবেই মেধা তালিকা তৈরি হবে। তারপর প্রাইমারি টিচার পদে চাকরি পাবেন। কোন ক্যাটেগরিতে ক'টি শূন্যপদ ইত্যাদি বিস্তারিত তথ্য ইন্টারভিউয়ের বিজ্ঞপ্তিতে থাকবে। এখন শুধু ‘টেট' পরীক্ষার জন্য দরখাস্ত নেওয়া হচ্ছে। এই ‘টেট'এ নির্দিষ্ট কোয়ালিফাইং নম্বর পেলে ‘টেট' কোয়ালিফাই সার্টিফিকেট পাবেন।

অনলাইনে দরখাস্ত নেওয়া শুরু হয়েছে ১৪ অক্টোবর থেকে। চলবে ৩ নভেম্বর রাত ১২টা পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.wbbpe.org, https://wbbprimaryeducation.org এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ জেনারেল ক্যাটেগরির প্রার্থীদের জন্য ১৫০ টাকা, ও.বি.সি. সম্প্রদায়ের প্রার্থীদের বেলায় ১০০ টাকা আর তপশিলী ও প্রতিবন্ধী প্রার্থীদের বেলায় ৫০ টাকা অনলাইনে দিতে হবে। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন।

### অনলাইনে ফর্ম পূরণ করতে হলে কী কী প্রমাণপত্র সঙ্গে রাখতে হবে :

(১) নিজের বৈধ ই-মেল আই.ডি.,
(২) নিজের বৈধ মোবাইল নম্বর,
(৩) পাশপোর্ট মাপের রঙিন ফটো
(৪) সাদা কাগজে নিজের সিগনেচার
(৫) আধার কার্ড
(৬) মাধ্যমিকের অ্যাডমিট কার্ড ও শিক্ষাগত যোগ্যতার মার্কশীট
(৭) ডি.এল.এড. /বি.এড. যোগ্যতার মার্কশীট /পার্ট-। পাশের মার্কশীট /ডি.এল.এড. কিংবা বি.এড. কোর্সে ভরতির কোনো প্রমাণপত্র (রিসিপ্ট)।
(৭) ফী জমা দেওয়ার জন্য ক্রেডিট কার্ড, ডেবিট কার্ড, ডেবিট কার্ড (এ.টি.এম. পিন), নেটব্যাঙ্কিং, ইউ.পি.আই., পে মানি ইত্যাদি প্রমাণপত্র।

### কী কী প্রমাণপত্র স্ক্যান করে নেবেন :

(১) পাশপোর্ট মাপের রঙিন ফটো
(২) সাদা কাগজে নিজের সিগনেচার
(৩) আধার কার্ড (উভয় পিঠের আলাদা স্ক্যান করবেন)
(৪) মাধ্যমিকের অ্যাডমিট কার্ড ও শিক্ষাগত যোগ্যতার মার্কশীট
(৫) ডি.এল.এড. /বি.এড. যোগ্যতার মার্কশীট /পার্ট-। মার্কশীট /ডি.এল.এড. /বি.এড. কোর্সে ভরতির কোনো প্রমাণপত্র। (স্ক্যান করবেন ৫ কেবি থেকে ১০০ কে.বি.'র মধ্যে JPG/ JPEG/GIF/PNG ফর্ম্যাটে)।

### কীভাবে ফর্ম পূরণ করবেন

প্রথমে www.wbbpe online.in এই ওয়েবসাইটে গিয়ে Log in করুন। Teacher Eligibility Test-2022 (TET-2022)-এ ক্লিক করুন। এরপর ডানদিকে Online Application for Teacher Eligibility Test-2022 (TET-2022)-এ ক্লিক করুন। এরপর Confirmation পেজ পাবেন। অনলাইনে ফর্ম পূরণ করতে কী কী প্রমাণপত্র স্ক্যান করতে হবে তা দেখতে পাবেন। এবার বৈধ ই-মেল আই.ডি. ও মোবাইল নম্বর দিয়ে Send OTP -তে ক্লিক করুন। নিজের মোবাইলে OTP আসবে। ওই ৫ সংখ্যার OTP নির্দিষ্ট বক্সে লিখে Submit-এ ক্লিক করুন। এরপর Personal Details-এর পেজ খুলে যাবে। তখন নাম, বাবা /মা-এর নাম, জন্ম-তারিখ, মোবাইল নম্বর, ই-মেল আই.ডি., জেন্ডার, ক্যাটেগরি, সাব-ক্যাটেগরি, আধার নম্বর, ফার্স্ট ল্যাঙ্গোয়েজ, পার্মানেন্ট অ্যাড্রেস, পোস্টাল অ্যাড্রেস, অ্যাকাডেমিক কোয়ালিফিকেশন (মাধ্যমিক, উচ্চমাধ্যমিক, গ্র্যাজুয়েশন) ইত্যাদি সিলেক্ট করুন। এরপর ট্রেনিং কোয়ালিফিকেশনের ঘরে ট্রেনিং যোগ্যতা সিলেক্ট করুন। বি.এড. বা, ডি.এল.এড. অ্যাপিয়ার্ড /পাস /পারসিউয়িং ইত্যাদি সিলেক্ট করুন। এরপর স্ক্যান করা ফটো ও সিগনেচার আপলোড করুন। তারপর ট্রেনিং কোয়ালিফিকেশন হিসাবে ফাইনাল মার্কশীট /পার্ট-। মার্কশীট /রেজিস্ট্রেশন সার্টিফিকেট /ভরতির প্রমাণপত্র আপলোড করুন। তারপর আধার কার্ড (দু-পিঠের) আপলোড করতে হবে। তারপর Preview বাটনে ক্লিক করে Edit করতে পারবেন। ফর্ম পূরণ করতে কোনো ভুল হয়ে থাকলে এডিট করতে পারবেন। তবে একবার সাবমিট করে ফেললে আর এডিট করার সুযোগ পাবেন না। তাই সাবমিট করার আগে প্রিভিউতে গিয়ে ভালো করে দেখে নিন, সব ঠিকঠাক আছে কিনা। তারপর Submit বাটনে ক্লিক করলে Payment Option আসবে। তারপর পেমেন্ট করার পর মোবাইল নম্বর ও ই-মেল আই.ডি.-তে রেজিস্ট্রেশন নম্বর পাবেন। এরপর স্ক্রিনে Download & Print অপশন পাবেন। তারপর অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নিজের কাছে সযত্নে রেখে দেবেন।

### কারা ফর্ম পূরণ করতে পারবেন আর কারা ফর্ম পূরণ করতে পারবেন না (দেখে নিন এক নজরে)

(১) ডি.এড. /ডি.এল.এড. /বি.এড. পাশ হতে হবে এন.সি.টি.ই.'র স্বীকৃত ভারতের যে কোনো প্রতিষ্ঠান থেকে।
(২) ডি.এড. /ডি.এল.এড. /বি.এড. -এ যাঁরা পাশ করেছেন বা, পরীক্ষা দেবেন কিংবা দিয়েছেন তাঁরাও যোগ্য।
(৩) যাঁরা সদ্য ডি.এড. /ডি.এল.এড. /বি.এড. কোর্সে ভরতি হয়েছেন বা, হবেন, তাঁরা ভরতির প্রমাণপত্র দিয়ে দরখাস্ত করতে পারবেন।
(৪) তপশিলী, ও.বি.সি., প্রাঃসঃকঃ, প্রতিবন্ধী ও এক্সেমটেড ক্যাটেগরির প্রার্থীদের ডিগ্রি কোর্সে ৪৫% নম্বর ও বি.এড. কোর্স পাশ হলেও দরখাস্ত করতে পারবেন।
(৫) যাঁদের ডিগ্রি কোর্সে ৫০% (সংরক্ষিত প্রার্থী হলে ৪৫%) নম্বর নেই কিন্তু মাস্টার ডিগ্রি কোর্স করা আছে ও বি.এড. যোগ্যতা আছে, তাঁরাও আবেদন করতে পারবেন।
(৬) রিহ্যাবিলিটেশন কাউন্সিল অফ ইন্ডিয়া থেকে ডি.এড. বা, ডি.এল.এড. (স্পেশাল এডুকেশন) কোর্স পাশ হলেও যোগ্য।

### কারা আবেদনের যোগ্য নন

(১) ডি.এড. /ডি.এল.এড. /বি.এড. যোগ্যতা না থাকলে আবেদনের যোগ্য নন।
(২) ৪০ (তপশিলী হলে ৪৫, ও.বি.সি. হলে ৪৩) বছরের বেশি বয়স থাকলে আবেদনের যোগ্য নন।
(৩) বয়স কম হলেও আবেদনের যোগ্য নন।

### কী কী কারণে দরখাস্ত বাতিল হবে

(১) নির্দিষ্ট বয়সের কম বয়স বা, বেশি বয়স হলে দরখাস্ত বাতিল হবে।
(২) যে ফটো দিয়ে দরখাস্ত করবেন, সেই ফটোর ১/২ কপি নিজের কাছে রেখে দেবেন, লিখিত পরীক্ষার দিন ওই একই কপি নিয়ে যেতে হবে। লিখিত পরীক্ষার দিন অন্য ফটো নিয়ে গেলে অসুবিধায় পরতে পারেন।
(৩) মোবাইল নম্বর ও ই-মেল নম্বর সঠিক না হলে পরে অ্যাডমিট কার্ড পেতে অসুবিধায় পড়তে হবে। পরে মোবাইল নম্বর বদল করলে কোনোরকম মেসেজ (SMS) পাবেন না, তাই অসুবিধায় পড়বেন।
(৪) ফটো আবছা হলে বাতিল হবে।
(৫) দরখাস্ত করার পর রেজিস্ট্রেশন নম্বর সযত্নে রেখে দেবেন।
(৬) ভুল প্রমাণপত্র স্ক্যান করে আপলোড করলে দরখাস্ত বাতিল হবে।
(৭) দরখাস্তে নম্বরের শতকরা হার ঠিকভাবে লিখবেন। ভুল হলে বাতিল হবে।
(৮) এবার দরখাস্তকারীর সংখ্যা অনেক হবে। তাই ছোটোখাটো ভুলের জন্য প্রার্থীর সতর্কতা অবলম্বন করতে হবে।
(৯) সাইবার কাফেতে যাঁরা দরখাস্ত করবেন, খেয়াল রাখবেন নিজের প্রমাণপত্র আপলোড করতে গিয়ে অন্য কারো প্রমাণপত্র আপলোড যেন না হয়। তাহলে প্রার্থীপদ বাতিল হবে।
(১০) সংরক্ষিত ক্যাটেগরির সার্টিফিকেট আপলোড না করলে সংরক্ষিত ক্যাটেগরির সুযোগ পাবেন না।

মাত্র অল্প দিনেই ‘টেট'এর স্মার্ট প্রস্তুতি নিয়ে বাজিমাৎ করুন
ট্রেনিং দিচ্ছে নদিয়া জেলার অন্যতম সেরা প্রতিষ্ঠান ‘প্রস্তুতি'
সম্প্রতি প্রাইমারি টিচার পদের ‘টেট' পরীক্ষার বিজ্ঞপ্তি বেরিয়েছে। পরীক্ষা হবে ১১ ডিসেম্বর। তাই হাতে আছে মাত্র ৭ সপ্তাহ। এই অল্প কয়েকদিনে ‘টেট' পরীক্ষার প্রস্তুতি নিয়ে সাফল্য পাওয়া সত্যিই কঠিন। কিন্তু এই অল্প কয়েকদিনেই বিশেষ পদ্ধতিতে প্রস্তুতি নিয়ে কীভাবে সফল হওয়া যায় তারই দিশা দেখাচ্ছে চাকরির পরীক্ষার অন্যতম সেরা প্রতিষ্ঠান ‘প্রস্তুতি'। বিগত বছরগুলিতে এখান থেকে প্রচুর ছাত্রছাত্রী পাশ করে এখন শিক্ষক-শিক্ষিকা পদে কর্মরত। নতুন ব্যাচ শিগগিরই শুরু হবে। ক্লাস নিচ্ছেন অভিজ্ঞ শিক্ষক বিশ্বজিৎ স্যার। এছাড়া এখানে স্কুল সার্ভিসের নানান বিষয়েরও কোচিং দেওয়া হয়। যোগাযোগ : প্রস্তুতি, চাকদহ, নদিয়া। ফোন : ৯০৪৬৪৪৪৯২৭, ৯৯৩২২০৮৩৪৩।

কর্মসংস্থান
ফের ১ নম্বরে
এ নিয়ে পরপর ১৭ বার
এটা আমাদের কৃতিত্ব নয়। করোনাকালে সব সংবাদপত্রের বিক্রি যেখানে প্রায় অর্ধেক নেমে গেছে, সেখানে পাঠক-পাঠিকা, বিক্রেতা আর বিজ্ঞাপনদাতাদের অকৃপণ সাহায্যে কর্মসংস্থান পত্রিকার বিক্রি প্রায় একই আছে (* এ.বি.সি'র ২০২২ সালের জানুয়ারি-জুন রিপোর্ট অনুযায়ী প্রচার সংখ্যা ২,৯৪,৭৮৩)। ফের প্রমাণ হল কর্মসংস্থান পত্রিকা যথার্থই কাজের কাগজ, যা রাজ্যের লাখ-লাখ তরুণ-তরুণীদের পথ দেখায়। ঘুরে দাঁড়ানোর ইন্ধন যোগায়। চাকরি আর নেই বলে যাঁরা প্রচার করেন, তাঁদের কথায় আস্থা না রেখে লড়াকু ছেলেমেয়েরা চাকরির খবর নেয়। দরখাস্ত করে। চাকরির পরীক্ষায় সফল হওয়ার জন্য প্রস্তুতি নেয়। আর নিষ্ঠা ও অধ্যবসায়ের জোরে শেষমেষ তারা চাকরিও পায়। হতাশ লোকদের উপদেশ শোনা কাজের কথা নয়। স্কুল-কলেজ, প্রশাসন চালানোর জন্য সরকারকে লোক নিতেই হবে। নাহলে তো সব অচল হয়ে যাবে। স্কুল সার্ভিসের চাকরি নিয়ে মামলা-মকদ্দমা আর তদন্ত চললেও এরমধ্যেই স্কুলে ফের শিক্ষক-শিক্ষিকা নেওয়ার জন্য স্কুল সার্ভিস কমিশনের নতুন বিজ্ঞাপন বেরোবেই। ঠাট্টা-মশকরা করা যাঁদের কাজ, তাঁরা সোশ্যাল মিডিয়ায় তর্জা করবেন। কিন্তু আপনার লক্ষ্য অবিচল রাখুন। চারদিকের নেতিবাচক পরিস্থিতির মধ্যেও আপনার ভবিষ্যৎ আপনাকেই গড়ে নিতে হবে। আর এই লড়াইতে আর কেউ না থাকুক আমরা আপনাদের পাশে থাকব। — সম্পাদক

SUMMIT ACADEMY
TET
(দেড় মাসেই প্রস্তুতি)
• বিষয়ভিত্তিক Expert Teacher
• সঠিক প্রশিক্ষণ • মক টেস্ট
WBCS / CGL
শিয়ালদহ / বারাসাত
9903702875, 8240609979

RATAN - IAS
11 Dec. মধ্যে প্রাইমারি টেট এর সঠিক প্রশিক্ষণ নিতে যোগাযোগ করুন —
8777219572
বিষয় ভিত্তিক স্যারেদের Class (সপ্তাহে 5 দিন) ও Mock Test (প্রতিদিন) — বেলঘরিয়া ও শিয়ালদহ
Online/Offline Class Available
Total Course Fees- 1000/-

HERITAGE INSTITUTE OF COMPETITIVE EXAM
প্রতিযোগিতামূলক পরীক্ষার শ্রেষ্ঠ প্রতিষ্ঠান
বাগনানে
(রবিভাগ ■ বাগনান ■ হাওড়া)
TET EXAM - 2022
■ সপ্তাহে ৫ দিন ক্লাস ■ ১০.৩০টা - ৪টা
■ প্রতিদিন মকটেস্ট ■ আলোচনা ■ ধারাবাহিক অনুশীলন পর্ব
প্রতিযোগিতামূলক পরীক্ষার শ্রেষ্ঠ শিক্ষকদের দ্বারা পরিচালিত
যোগাযোগ :
■ 82404 65125
■ 80014 54620
■ 77977 21718
■ 86538 40239
নভেম্বর মাসের সেশনে ভর্তি চলছে
মাত্র 6,999/-
CAMPUS-NEAR
HERITAGE COLLEGE OF EDUCATION
রবিভাগ :: বাগনান :: হাওড়া


পশ্চিমবঙ্গে প্রাইমারি চাকরীর কোচিং মানেই
কমল বৈদ্য প্রতিষ্ঠিত NICE EDUCATION
হেড অফিস : চাঁদপাড়া, উত্তর ২৪ পরগনা
কমল বৈদ্য স্যারের তত্ত্বাবধানে Math, English, বাংলা, পরিবেশ ও শিশু মনস্তত্ত্বের Expert ফ্যাকাল্টিদের মাধ্যমে ক্লাস চলছে। বিগত দিনে এই প্রতিষ্ঠানের কোচিং এর মাধ্যমেই পশ্চিমবঙ্গে হাজার হাজার ছাত্রছাত্রী প্রাইমারি স্কুলে শিক্ষক শিক্ষিকা হয়েছেন।
আসন সংখ্যা সীমিত
একবার ভর্তি হলেই চাকরি না পাওয়া পর্যন্ত কোচিং
নতুন TET + Interview (Offline) - 3200 | 2017 Interview (Offline) - 1200
নতুন TET + Interview (Online) - 4200 | 2017 Interview (Online) - 2200
আমরা প্রাইমারীতে চাকরি পেয়েছি, নাইস-এ পড়লে তোমরাও পাবে ......

হাজার হাজার সফল প্রার্থীদের মধ্যে স্থানাভাবে কয়েকজনের ছবি
NICE EDUCATION
7547906100
7547906200
7547906300
D.El.Ed
সবচেয়ে কম কোর্স ফিতে এখনও ভর্তি চলছে
ভর্তি হলেই টেটের কম্ফিলাপ করতে পারবেন।
ভাইফোঁটার পর পশ্চিমবঙ্গের সব জেলাতে ক্লাস

## সাম্প্রতিক ঘটনাপ্রবাহ এক নজরে

১ অক্টোবর সংখ্যার পর

**১৬ সেপ্টেম্বর :** ভারতের বাণিজ্য সচিব হিসাবে মনোনীত হলেন সুনীল বর্থবাল।

❑ নেদারল্যান্ডসে, মার্কিন যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত হিসাবে মনোনীত হলেন ভারতীয় বংশোদ্ভূত শেফালি রাজদান দুগ্গাল।

❑ 'এশিয়া প্যাসিফিক ফোরাম'এর গভর্ন্যান্স কমিটির সদস্য হিসাবে নির্বাচিত হলেন অবসরপ্রাপ্ত বিচারপতি অরুণ কুমার মিশ্র।

❑ ২০২২-'২৩ সালের জন্য, 'সোসাইটি অফ ইন্ডিয়ান অটোমোবাইল ম্যানুফ্যাকচারার্স'এর প্রেসিডেন্ট হিসাবে মনোনীত হলেন বিনোদ আগরওয়াল।

❑ 'ইন্ডাসইন্ড ব্যাঙ্ক'এর ম্যানেজিং ডিরেক্টর ও চিফ এক্সিকিউটিভ অফিসার হিসাবে আবার মনোনীত হলেন সুমন্ত কাঠপালিয়া।

❑ 'সিএসবি ব্যাঙ্ক'এর ম্যানেজিং ডিরেক্টর ও চিফ এক্সিকিউটিভ অফিসার হিসাবে মনোনীত হলেন প্রলয় মণ্ডল।



**ফ্রান্সের সর্বোচ্চ নাগরিক সম্মান 'নাইট অফ দ্য লিজিয়ঁ অফ অনর' পেলেন 'পিরামল গ্রুপ'এর ভাইস চেয়ারপার্সন স্বাতী পিরামল। ব্যবসা, শিল্প, বিজ্ঞান, চিকিৎসা আর ভারত-ফ্রান্স সম্পর্ক জোরদার করার ক্ষেত্রে অসামান্য অবদানের স্বীকৃতি হিসাবে এই সম্মান পেলেন তিনি।**

❑ অন্ধ্রা প্রদেশের তিরুপতিতে, ভারতের প্রথম লিথিয়াম-আয়ন সেল কারখানা চালু করলেন কেন্দ্রীয় ইলেক্ট্রনিক্স ও তথ্য প্রযুক্তি প্রতিমন্ত্রী রাজীব চন্দ্রশেখর। চেন্নাইয়ের 'মুনোথ ইন্ডাস্ট্রিজ লিমিটেড' ১৬৫ কোটি টাকা খরচে এই অত্যাধুনিক সুবিধাটি স্থাপন করেছে। ২০১৫ সালে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর মাধ্যমে স্থাপিত ২টি ইলেক্ট্রনিক্স ম্যানুফ্যাকচারিং ক্লাস্টারের ১টিতে অবস্থিত এটি। এখন এই প্ল্যান্টটির ইনস্টল ক্ষমতা ২৭০ মেগাওয়াট আওয়ার, যা প্রতিদিন ১০ অ্যাম্পিয়ার আওয়ার ক্ষমতাসম্পন্ন ২০,০০০ সেল তৈরি করতে পারে। এই সেলগুলি পাওয়ার ব্যাঙ্কগুলিতে ব্যবহৃত হবে ও এই ক্ষমতা ভারতের বর্তমান প্রয়োজনের প্রায় ৬০%। এছাড়াও, মোবাইল ফোন, শ্রবণযোগ্য ও পরিধানযোগ্য ডিভাইসের মতো অন্যান্য ইলেক্ট্রনিক্সের সেলগুলিও এই প্ল্যান্টে তৈরি করা হবে।

❑ আহমেদাবাদের মণিনগরের 'এএমসি মেট মেডিক্যাল কলেজ'এর নাম বদলে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নামে রাখা হল। এদিন, সর্বসম্মতিক্রমে আহমেদাবাদ পুরসভার স্ট্যান্ডিং কমিটির বৈঠকে এই নাম বদলের সিদ্ধান্ত নেওয়া হয়। এখন থেকে আহমেদাবাদ পুরসভার 'মেডিক্যাল এডুকেশন ট্রাস্ট' পরিচালিত এই কলেজের নাম হল 'নরেন্দ্র মোদী মেডিক্যাল কলেজ'। প্রসঙ্গত উল্লেখ্য, গুজরাতের মুখ্যমন্ত্রী থাকার সময় মণিনগর বিধানসভা কেন্দ্র থেকে ১১ বছর বিধায়ক ছিলেন তিনি।

❑ নির্মাণাধীন রাজ্য সচিবালয় কমপ্লেক্সের নাম সংবিধানের জনক ড.ভীমরাও রামজি আম্বেদকরের নামে রাখার সিদ্ধান্ত নিল তেলেঙ্গানা সরকার। আসন্ন 'দশেরা' উৎসবকে মনে রেখে এই সচিবালয় কমপ্লেক্স তৈরির কাজ দ্রুত গতিতে এগোচ্ছে। ৭ লাখ বর্গফুট আয়তনবিশিষ্ট এই ৭ তলা সচিবালয় ভবন তৈরিতে খরচ হচ্ছে প্রায় ৬৫০ কোটি টাকা।

❑ আন্তর্জাতিক মাস্টার এমিন ওহানিয়ানের বিরুদ্ধে জিতে, ভারতের ৭৬ তম দাবা গ্র্যান্ডমাস্টার হলেন কর্ণাটকের বেঙ্গালউরুর ১৫ বছর বয়সি দাবাড়ু প্রণব আনন্দ। রোমানিয়ার মামাইয়াতে অনুষ্ঠিত, 'বিশ্ব যুব দাবা চ্যাম্পিয়নশিপ'এ ২,৫০০ ইএলও পয়েন্ট অতিক্রম করার পর, এই খেতাব অর্জন করলেন তিনি।

**১৭ সেপ্টেম্বর :** 'ইন্সিওরেন্স রেগুলেটরি অ্যান্ড ডেভেলপমেন্ট অথরিটি অফ ইন্ডিয়া'র সদস্য হিসাবে মনোনীত হলেন থমাস এম.দেবাসিয়া।

❑ আফ্রিকার নামিবিয়া থেকে আনা ৮টি চিতাকে মধ্য প্রদেশের 'কুনো জাতীয় উদ্যান'এ ছাড়লেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। এদের মধ্যে ৫টি মহিলা চিতা, যাদের বয়স ২ থেকে ৫ বছরের মধ্যে ও ৩টি পুরুষ চিতার বয়স ৪ থেকে সাড়ে ৫ বছরের মধ্যে। কেন্দ্রীয় সরকারের 'চিতা প্রকল্প'এর আওতায়, দেশে এই নতুন চিতা এল। এরপর আগামী ৫ বছর ধরে ধাপে ধাপে ৫০টি চিতা আনা হবে ভারতে। চিতাগুলি ভারতের বাস্তুতন্ত্রে সাহায্য করবে। প্রসঙ্গত উল্লেখ্য, ১৯৫২ সালে ভারত থেকে চিতাকে বিলুপ্ত হিসাবে ঘোষণা করা হয়। এ'বছরের শুরুতে ভারত ও নামিবিয়ার মধ্যে স্বাক্ষরিত সমঝোতা চুক্তি অনুযায়ী, নামিবিয়া থেকে ভারতে এই চিতাগুলি আনা হল।

❑ প্রয়াত কন্নড় অভিনেতা পুনিত রাজকুমারের জন্মবার্ষিকী উপলক্ষ্যে, তাঁর স্মরণে ১৭ মার্চ দিনটিকে 'অনুপ্রেরণা দিবস' হিসাবে পালনের সিদ্ধান্ত নিল কর্ণাটক সরকার। ২০২৩ সাল থেকে এই দিনটি পালন করবে রাজ্য সরকার। প্রসঙ্গত উল্লেখ্য, ১৯৭৫ সালের ১৭ মার্চ জন্মগ্রহণ করেন তিনি।

❑ ২০২২ সালের আগস্টে, রাশিয়াকে অতিক্রম করে, ভারতের দ্বিতীয় বৃহত্তম তেল সরবরাহকারী দেশে পরিণত হল সৌদি আরব। মাত্র ৩ মাসের ব্যবধানে, দ্বিতীয় শীর্ষস্থান পুনরুদ্ধার করল এই দেশটি। আগস্টে, সৌদি আরব থেকে দিনপ্রতি ৮,৬৩,৯৫০ ব্যারেল তেল আমদানি করেছে ভারত, যা গত মাসের থেকে ৪.৮% বেশি। অন্যদিকে, রাশিয়া থেকে ভারতের তেল কেনার পরিমাণ ২.৪% কমে দিনপ্রতি ৮,৫৫,৯৫০ ব্যারেলে দাঁড়িয়েছে।

❑ আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জকে, ভারতের প্রথম 'স্বচ্ছ সুজল প্রদেশ' হিসাবে ঘোষণা করলেন কেন্দ্রীয় জলশক্তি মন্ত্রী গজেন্দ্র সিং শেখাওয়াত। পোর্ট ব্লেয়ারে এক অনুষ্ঠানে, লেফটেন্যান্ট গভর্নর অ্যাডমিরাল দেবেন্দ্র কুমার জোশীর হাতে শংসাপত্র তুলে দেন তিনি। এখন, আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জের সব গ্রাম 'হর ঘর জল'এর আওতায় এসেছে ও খোলা স্থানে মলত্যাগ মুক্ত গ্রাম হয়ে উঠেছে। প্রসঙ্গত উল্লেখ্য, 'স্বচ্ছ' ও 'সুজল'এর একটি অপরিহার্য উপাদান হল নিরাপদ পানীয় জলের ব্যবস্থাপনা ও সরবরাহ।




**উগান্ডার ২৫ বছর বয়সি জলবায়ু কর্মী ভ্যানেসা নাকাতে'কে রাষ্ট্রসঙ্ঘ শিশু তহবিলের শুভেচ্ছা দূত হিসাবে মনোনীত করল 'ইউনিসেফ'।**

❑ মরক্কোতে অনুষ্ঠিত, 'বিশ্ব প্যারা অ্যাথলেটিক্স গ্রাঁন্ড প্রিক্স'এ রুপোর পদক পেলেন ভারতীয় জ্যাভলিন থ্রোয়ার দেবেন্দ্র ঝাঝারিয়া। ৬০.৯৭ মিটার দূরত্বে জ্যাভলিন ছুঁড়ে এই পদক পেলেন তিনি।

**১৮ সেপ্টেম্বর :** 'এনএলসি ইন্ডিয়া লিমিটেড'এর চেয়ারম্যান ও ম্যানেজিং ডিরেক্টর হিসাবে মনোনীত হলেন প্রসন্ন কুমার মোতুপাল্লি।

❑ ভারতের প্রথম রাজ্য/কেন্দ্রশাসিত অঞ্চল হিসাবে, ১০০% সতর্কতামূলক ডোজ সম্পন্ন করল আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জ। এখানে ১৮ বছর বয়সি ২,৮৭,২১৬ সুবিধাভোগীদের সতর্কতামূলক ডোজ দেওয়া হয়েছে। ১৫ জুলাইয়ের পর, কেন্দ্রীয় সরকার যখন 'আজাদি কা অমৃত মহোৎসব' উপলক্ষ্যে বিনামূল্যে সতর্কতামূলক ডোজ দেওয়ার সিদ্ধান্ত নিয়েছিল, তখনই টিকা দেওয়ার হার বেড়েছে।



**প্রথম ভারতীয় কুস্তিগির হিসাবে, বেলগ্রেডে অনুষ্ঠিত 'বিশ্ব কুস্তি চ্যাম্পিয়নশিপ'এ ৪টি পদক জিতে নজির গড়লেন বজরং পুনিয়া। এদিন, পুরুষদের ফ্রিস্টাইল ৬৫ কেজি বিভাগে পুয়ের্তো রিকোর সেবাস্তিয়ান সি.রিভেরাকে ১১-৯ ব্যবধানে হারিয়ে ব্রঞ্জ পদক পেয়ে এই নজির গড়লেন তিনি। এর আগে, ২০১৮ সালে রুপোর পদক, ২০১৩ সালে ব্রঞ্জ পদক ও ২০১৯ সালে ব্রঞ্জ পদক পান তিনি।**

❑ ৩ দশক পর, জম্মু ও কাশ্মীরে খুলল প্রথম মাল্টিপ্লেক্স সিনেমা হল। এদিন দক্ষিণ কাশ্মীরের পুলওয়ামা ও সোপিয়ান জেলায়, ২টি মাল্টিপ্লেক্সের উদ্বোধন করেন জম্মু ও কাশ্মীরের লেফটেন্যান্ট গভর্নর মনোজ সিনহা। ২০ সেপ্টেম্বর, প্রথম চলচ্চিত্র হিসাবে দেখানো হয়েছে আমির খান অভিনীত 'লাল সিং চাড্ডা'। এই ২টি মাল্টিপ্লেক্সেই ৩টি করে প্রেক্ষাগৃহ রয়েছে, যার এক একটিতে ৫২০ জন একসঙ্গে বসে চলচ্চিত্র দেখতে পারবেন। আধুনিক অডিও সিস্টেমও বসানো হয়েছে এখানে। এই মাল্টিপ্লেক্সের সাজসজ্জার মধ্যে রয়েছে কাশ্মীরের ঐতিহ্যের ছোঁয়া। 'খাটমবন্ধ' সিলিং ব্যবহার করা হয়েছে এই মাল্টিপ্লেক্সে। এর ফলে, ১৯৮০ সালের পর আবার একবার হলমুখী হবেন কাশ্মীরবাসী। প্রসঙ্গত উল্লেখ্য, সন্ত্রাসবাদী হামলার জেরে বন্ধ হয়ে গিয়েছিল উপত্যকার সিনেমা হলগুলি। সে'সময় কাশ্মীরে প্রায় ১৫টি সিনেমা হল ছিল।

❑ উইং কম্যান্ডার অভিনন্দন বর্তমানের 'মিগ-২১' স্কোয়াড্রন 'সোর্ড আর্মস'কে অবসরে পাঠাতে চলেছে ভারতীয় বিমান বাহিনী। ৩০ সেপ্টেম্বর, শ্রীনগরের এই ৫১ নম্বর স্কোয়াড্রনকে অবসরে পাঠানো হয়েছে। ভারতীয় বায়ুসেনার আধুনিকীকরণের জন্য এই পদক্ষেপ নেওয়া হয়েছে। ২০১৯ সালে বালাকোট এয়ারস্ট্রাইকের পর, পাক বাহিনী যখন পালটা হামলা চালিয়েছিল, তখন এই স্কোয়াড্রনের যুদ্ধবিমানে করেই পাক-ই-স্তানি যুদ্ধবিমান 'এফ-১৬' ধ্বংস করেছিলেন অভিনন্দন।

❑ রাজ্যের সাধারণ মানুষের কাছ থেকে অভিযোগ শোনার জন্য, ইম্ফলে একটি ওয়েব পোর্টালের সুবিধা চালু করলেন মণিপুরের মুখ্যমন্ত্রী এন.বীরেন সিং। পোর্টালটির নাম 'সিএম দা হাইসি', যার বাংলা অনুবাদ 'মুখ্যমন্ত্রীকে জানানোর জন্য'। সাধারণ মানুষ www.cmdahaisi.mn.gov.in পোর্টালে গিয়ে তাঁদের অভিযোগ জানাতে পারবেন। এমনকি, অভিযোগের অবস্থানও জানতে পারবেন অভিযোগকারীরা।

❑ মহারাষ্ট্রের ঔরঙ্গাবাদ শহরের কাছে অবস্থিত শতাব্দী প্রাচীন দৌলতাবাদ দুর্গের নাম বদল করে 'দেবগিরি' রাখার সিদ্ধান্ত নিল মহারাষ্ট্রের পর্যটন মন্ত্রক। এটি একটি জাতীয় ঐতিহ্যের স্মৃতিস্তম্ভ, যা রক্ষণাবেক্ষণ করে 'আর্কিওলজিক্যাল সার্ভে অফ ইন্ডিয়া'। প্রসঙ্গত উল্লেখ্য, এই দুর্গের দৌলতাবাদ নামকরণ করা হয়েছিল চতুর্দশ শতাব্দীতে, যার নেপথ্যে ছিলেন মোগল সুলতান মহম্মদ বিন তুঘলক।

❑ 'কান্তার ব্র্যান্ডজ'এর তরফ থেকে প্রকাশিত 'ভারতের সবথেকে মূল্যবান ব্র্যান্ড' রিপোর্ট অনুযায়ী, 'এইচডিএফসি ব্যাঙ্ক'কে ছাড়িয়ে, ২০২২ সালে ভারতের সবথেকে মূল্যবান ব্র্যান্ডের তকমা পেল আইটি সার্ভিসেস ফার্ম 'টাটা কনসালট্যান্সি সার্ভিসেস'। ২০২২ সালে টিসিএস'এর ব্র্যান্ড ভ্যালু ৪৫,৫১৯ মিলিয়ন মার্কিন ডলার। অন্যদিকে, এইচডিএফসি ব্যাঙ্কের ব্র্যান্ড ভ্যালু ৩২,৭৪৭ মিলিয়ন মার্কিন ডলার। ২৯,২২৩ মিলিয়ন মার্কিন ডলার ব্র্যান্ড ভ্যালু নিয়ে তৃতীয় স্থানে রয়েছে 'ইনফোসিস'। প্রসঙ্গত উল্লেখ্য, ২০১৪ সালে এই র‍্যাঙ্কিং প্রকাশের পর থেকে এতদিন টানা শীর্ষ স্থানে ছিল এইচডিএফসি ব্যাঙ্ক।

❑ মুম্বই সিটি এফসি'কে ২-১ ব্যবধানে হারিয়ে, ২০২২ সালে 'ডুরান্ড কাপ'এ চ্যাম্পিয়ন হল বেঙ্গালউরু এফ সি।

**১৯ সেপ্টেম্বর :** 'মাদ্রাজ হাই কোর্ট'এর ভারপ্রাপ্ত প্রধান বিচারপতি হিসাবে মনোনীত হলেন টি.রাজা।

❑ নয়াদিল্লিতে আয়োজিত এক অনুষ্ঠানে, 'দূর সে নমস্তে' নামে দূরদর্শন ও ইউটিউব সিরিজ চালু করল 'ইউএস এজেন্সি ফর ইন্টারন্যাশনাল ডেভেলপমেন্ট' ও 'ইউনিসেফ'। কোভিড-১৯ অতিমারির পরে বিশ্বে স্বাস্থ্যকর অভ্যাসের প্রচার করতে এই সিরিজটি চালু করা হয়েছে। এটি একটি ফিকশনাল হিন্দি সিরিজ, যা বিনোদন শিক্ষার বিন্যাসে তৈরি করা হয়েছে। প্রতি রবিবার সকাল ১১টা থেকে দুপুর ১২টা পর্যন্ত এই অনুষ্ঠানটি প্রচারিত হবে।

❑ তাজপুরে আদানি গোষ্ঠীর প্রস্তাবিত গভীর সমুদ্র বন্দর নির্মাণের প্রস্তাবে অনুমোদন দিল রাজ্য মন্ত্রিসভা। এর ফলে, তাজপুরে এই বন্দরটিই হবে রাজ্যের প্রথম গভীর সমুদ্র বন্দর ও দেশের প্রথম গ্রিন ফিল্ড বন্দর। এটি তৈরি হলে রাজ্যে ১ লাখ ২৫ হাজার কর্মসংস্থানের সুযোগ তৈরি হবে বলে মনে করা হচ্ছে, যার মধ্যে ২৫,০০০ প্রত্যক্ষ ও ১ লাখের বেশি পরোক্ষ কর্মসংস্থান। এই প্রকল্প ঘিরে সব মিলিয়ে লগ্নি হবে প্রায় ২৫,০০০ কোটি টাকা।

❑ বিশ্বের উচ্চতম যুদ্ধক্ষেত্র 'সিয়াচেন' হিমবাহের ১৯,০৬১ ফুট উচ্চতায় স্যাটেলাইট ভিত্তিক ইন্টারনেট পরিষেবা চালু করল ভারতীয় সেনাবাহিনীর অন্যতম শাখা 'ফায়ার অ্যান্ড ফিউরি কর্পস' (এটি ভারতীয় সেনাবাহিনীর নর্দার্ন কম্যান্ডের অংশ)। 'ভারত ব্রডব্যান্ড নেটওয়ার্ক লিমিটেড'এর সহযোগিতায় এটি চালু করেছে ভারতীয় সেনাবাহিনী। বিবিএনএল হল কেন্দ্রীয় সরকারের একটি উদ্যোগ, যা 'ভারতনেট' প্রকল্পের সঙ্গেও যুক্ত রয়েছে। প্রসঙ্গত উল্লেখ্য, ৭৬ কিলোমিটার দীর্ঘ সিয়াচেন হিমবাহটি চিনের নিয়ন্ত্রণাধীন শাকসগাম উপত্যকা ও পাক-ই-স্তানের দখলে থাকা বাল্টিস্তানের মধ্যেকার একটি এলাকা। এই হিমবাহ ভারতের অধীনে থাকায়, পাক-ই-স্তান সেনাবাহিনী চিনাদের সঙ্গে সংযোগ স্থাপন করতে পারে না ও লাদাখের নিরাপত্তার জন্য এই হিমবাহ ভারতের জন্য খুব গুরুত্বপূর্ণ।

**২০ সেপ্টেম্বর :** মর্যাদাপূর্ণ 'প্রিয়দর্শিনী আকাদেমি স্মিতা পাতিল মেমোরিয়াল পুরস্কার'এ 'সেরা অভিনেত্রী'র সম্মান পেলেন বলিউড অভিনেত্রী আলিয়া ভাট। ভারতীয় চলচ্চিত্রে অসামান্য অবদানের জন্য, 'প্রিয়দর্শিনী আকাদেমি'র ৩৮ তম বার্ষিকী উদযাপন উপলক্ষ্যে তাঁকে এই পুরস্কার দেওয়া হয়েছে।

❑ 'পিএম কেয়ার্স তহবিল'এর ট্রাস্টি হিসাবে মনোনীত হলেন বিশিষ্ট শিল্পপতি রতন টাটা। তিনি ছাড়াও, 'পিএম কেয়ার্স তহবিল'এর অন্য ২ নতুন ট্রাস্টি হলেন লোকসভার প্রাক্তন ডেপুটি স্পিকার কারিয়া মুণ্ডা ও 'সুপ্রিম কোর্ট'এর প্রাক্তন বিচারপতি কে.টি.থমাস। প্রসঙ্গত উল্লেখ্য, করোনাকালে দেশের যেকোনো জরুরি পরিস্থিতি সামাল দেওয়ার জন্য এই 'পিএম কেয়ার্স তহবিল' তৈরি করা হয়।

❑ ২০২৩ সালে ৯৫ তম 'অস্কার পুরস্কার'এ 'সেরা আন্তর্জাতিক ফিচার চলচ্চিত্র' বিভাগে ভারত থেকে মনোনীত হল পরিচালক প্যান নলিন পরিচালিত গুজরাতি চলচ্চিত্র 'ছেল্লো শো'। ইংরিজি ভাষায় এই চলচ্চিত্রের নাম 'লাস্ট ফিল্ম শো'। পরিচালকের নিজের ছোটবেলার স্মৃতি দেখানো হয়েছে এই চলচ্চিত্রে। প্রসঙ্গত উল্লেখ্য, ভারতের কোনো চলচ্চিত্র আজ পর্যন্ত এই পুরস্কার জিততে পারেনি। এখনো পর্যন্ত মাত্র ৩টি ভারতীয় চলচ্চিত্র প্রথম পাঁচে পৌঁছেছিল। সেগুলি হল : 'মাদার ইন্ডিয়া' (১৯৫৮), 'সালাম বম্বে' (১৯৮৯) ও লগান (২০০১)।

❑ ৩ বছর পর আবার বদলে ফেলা হচ্ছে কাজাখ-ই-স্তানের রাজধানীর নাম। ২০১৯ সালে মধ্য এশিয়ার দেশ কাজাখ-ই-স্তানের প্রেসিডেন্ট রাজধানীর নাম 'আস্তানা' থেকে বদলে 'নূর সুলতান' নামে নামকরণ করেন। তখনকার বিদায়ী প্রেসিডেন্ট নূরসুলতান নাজারবায়েভের সম্মানে রাজধানীর নাম বদল করা হয়েছিল। তবে, ৩ বছর পর সেই পুরনো 'আস্তানা' নামেই আবার নামকরণ করা হল কাজাখ-ই-স্তানের রাজধানীর নাম। সম্প্রতি প্রেসিডেন্ট কাসেম তোকায়েভ একটি আইন অনুমোদন করেন, যার মাধ্যমে রাজধানীর নাম আবার 'আস্তানা' করা হয়েছে।

এরপর আগামী সপ্তাহে

সঙ্কলক : পল্লবী দেওয়ান

## বিশেষ বিজ্ঞপ্তি

কর্মসংস্থান পত্রিকায় প্রকাশিত যে কোনো বিতর্কিত আলোচনা বা, নিবন্ধের যাবতীয় দায়িত্ব লেখকের। কর্মসংস্থান কর্তৃপক্ষ কোনোভাবেই এজন্য দায়ী থাকবে না। ওই মতামত কারো পছন্দসই না হলে, প্রতিবাদ জানাতে পারেন। সেক্ষেত্রে তাও যথাযোগ্য মর্যাদায় ছাপা হবে। কারণ, এটি গণমাধ্যম।

# প্রাইমারি টেট



প্রাইমারি স্কুলে চাকরির জন্য পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা পর্ষদের ২০২২ সালের 'টিচার্স এলিজিবিলিটি টেস্ট' বা 'TET' হবে ১১ ডিসেম্বর, রবিবার। সারা রাজ্যে একই দিনে। ইতিমধ্যেই অনলাইনে দরখাস্ত নেওয়া শুরু হয়েছে। ১৫০ নম্বরের পরীক্ষায় থাকবে এই ৫টি বিষয় : (১) শিশু মনস্তত্ত্ব ও উন্নয়ন-৩০ নম্বর, (২) প্রথম ভাষা (যে মাধ্যমের স্কুলে দরখাস্ত করবেন সেই ভাষা) -৩০ নম্বর, (৩) দ্বিতীয় ভাষা (ইংরিজি) - ৩০ নম্বর, (৪) অঙ্ক - ৩০ নম্বর, (৫) পরিবেশ বিজ্ঞান -৩০ নম্বর। প্রশ্ন হবে অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের। প্রতিটি প্রশ্নে থাকবে ১ নম্বর। নেগেটিভ মার্কিং নেই। এই পরীক্ষায় ঠিক যে ধরনের প্রশ্ন আসার সম্ভাবনা তেমনই ১৫০টি প্রশ্নোত্তর তৈরি করেছেন 'টেট'এর বিশেষজ্ঞ শিক্ষক অর্ধেন্দু মুখার্জী।

1. নীচের কোনটি সৃজনশীল শিশুর বৈশিষ্ট্যের মধ্যে অন্তর্ভুক্ত নয়?
(a) নমনীয়তা (b) সম্প্রসারণ (c) সাবলীলতা (d) মানসিকতা

2. শিশুর স্কুল জীবনে কোন জিনিসটি গুরুত্বপূর্ণ নয়?
(a) সামাজিক জ্ঞান (b) অর্থনৈতিক জ্ঞান (c) পরিবার বিষয়ক জ্ঞান (d) পরিবেশ বিষয়ক জ্ঞান

3. পোর্টফোলিও হল –
(a) শিক্ষকের ছাত্রদের ব্যস্ত রাখার কৌশল (b) শিক্ষকের ছাত্রদের ক্রম উন্নতি মাপতে সাহায্য করে (c) লেখার অভ্যাস তৈরি করে (d) শিক্ষকের মূল্যায়ন কৌশল

4. জীবনশৈলী সম্পর্কে জ্ঞান শিক্ষার্থীদের প্রয়োজন কেন?
(a) শিক্ষার্থীদের মধ্যে জীবনশৈলী সম্পর্কে অজ্ঞতা আছে (b) শিক্ষার্থীরা এই বিষয়টি খোলামেলা আলোচনা করতে লজ্জা বোধ করে (c) কৈশোর জীবনে এই বিষয়টি তাদের কাছে আনন্দের বিষয় (d) কৈশোর জীবনে জীবনশৈলী বিষয়ে সঠিক মনোভাব, যৌনতা সম্পর্কে ধারণা গড়ে তোলে

5. বিদ্যালয় হল সমাজের –
(a) বৃহৎ সংস্করণ (b) প্রত্যক্ষ সংস্করণ (c) পরোক্ষ সংস্করণ (d) ক্ষুদ্র সংস্করণ

6. আপনার গণিতের ক্লাসে একজন শিক্ষার্থী ভূগোল বিষয়ে পাঠদানের জন্য অনুরোধ করল। আপনি শিক্ষক হিসাবে কী করবেন?
(a) গণিতের ক্লাসে ভূগোল পড়ানো হবে না বলবেন (b) ভূগোল শিক্ষকের কাছ থেকে ভূগোল বিষয়টি পড়ার জন্য বলবেন (c) গণিতের গুরুত্ব তার কাছে তুলে ধরবেন (d) গণিতের সঙ্গে ভূগোল বিষয়ের যে সম্পর্ক আছে তা তুলে ধরবেন

7. বুনিয়াদি শিক্ষায় শিক্ষার্থীদের কোন পদ্ধতিতে শেখানো হয়?
(a) খেলার ওপর গুরুত্ব দেওয়ার মাধ্যমে (b) যেকোনো কাজের মাঝে থাকবে একটি হস্তশিল্প (c) শিল্পশিক্ষার মাধ্যমে শিক্ষাদান (d) উপার্জনের মাধ্যমে শিক্ষাদান

8. যদি স্কুলে সাম্প্রদায়িক সম্প্রীতির অভাব দেখা দেয়, আপনি কী করে এই সমস্যার সমাধান করবেন?
(a) কোনো একটি ধর্মের প্রতি পক্ষপাতিত্ব প্রদর্শন করবেন (b) সব ধর্মের মূল অর্থ যে একই, তা শিক্ষার্থীদের সামনে তুলে ধরবেন (c) ধর্মের ভিত্তিতে আপনি শ্রেণিকক্ষ আলাদা করবেন (d) বিভিন্ন ধর্মগুরুদের নিয়ে বিদ্যালয়ে বৈঠক করবেন

9. যদি আপনি জানতে পারেন আপনার ছাত্রের পরিবারের কেউ করোনা ভাইরাসে আক্রান্ত, আপনি শিক্ষক হিসাবে কী করবেন?
(a) ওই ছাত্রকে আলাদা বসতে বলবেন (b) ওই ছাত্রকে বিদ্যালয় থেকে চলে যেতে বলবেন (c) ওই ছাত্রকে মাস্ক ও স্যানিটাইজার দেবেন (d) ওই ছাত্রকে করোনা টেস্ট করতে বলবেন ও 14 দিন বাড়িতে থাকার পরামর্শ দেবেন

10. বিদ্যালয়ে শিক্ষার্থীদের মধ্যে স্কুল ইউনিফর্মের গুরুত্ব কী?
(a) সবাই যে ওই বিদ্যালয়ের ছাত্র তা বোঝা যায় (b) একই ধরনের আনুষ্ঠানিক পোশাক ছাত্রদের মধ্যে একতা তৈরি করে (c) একই ধরনের পোশাক ছাত্রদের আর্থিক, সামাজিক ভাবনা থেকে আলাদা করতে পারে না (d) আনুষ্ঠানিক পোশাক ছাত্রদের মধ্যে আগ্রহ সৃষ্টি করে

11. শিক্ষার্থীদের মধ্যে আপনি শিক্ষক হিসাবে কীভাবে মুক্ত শৃঙ্খলের পাঠ দেবেন?
(a) শিক্ষার্থীদের নিজের কাজ নিজেদের করতে পরামর্শ দেবেন (b) গৃহকাজে উদ্বুদ্ধ করে (c) আলাদা আলাদা কাজে আলাদা আলাদা শিক্ষার্থীদের যুক্ত করে (d) শিক্ষার্থীদের বাইরে থেকে কোনো কিছু চাপিয়ে না দিয়ে নিজেদের ইচ্ছা মতো কাজের সুযোগ দিয়ে

12. SQ4R কৌশলের ধারাবাহিক পন্থাটি কী?
(a) Survey, Question, Read, Reflect, Recitation & Recall, Review (b) Survey, Question, Recitation & Recall, Review, Read, Reflect (c) Survey, Question, Recitation & Recall, Read, Reflect, Review (d) Survey, Question, Reflect, Review, Read, Recitation & Recall

13. দলীয় গতিধর্মীতা কোন ধরনের বিকাশ?
(a) সামাজিক বিকাশ (b) অর্থনৈতিক বিকাশ (c) প্রাক্ষোভিক বিকাশ (d) মানসিক বিকাশ

14. কোন সময়কালকে 'Toy Age' বলা হয়?
(a) প্রারম্ভিক বাল্যকাল (b) প্রান্তীয় বাল্যকাল (c) প্রারম্ভিক শৈশবকাল (d) প্রান্তীয় শৈশবকাল

15. নীচের মধ্যে কোনটি ক্যাটেলের সংলক্ষণ তত্ত্বের স্তর নয়?
(a) সাধারণ সংলক্ষণ (b) প্রতিয়মান সংলক্ষণ (c) উৎস সংলক্ষণ (d) সাইকোটিসিজম

16. চরিত্রের বিকাশ হয় –
(a) ইচ্ছাশক্তি (b) নৈতিকতা (c) পরিচালনা ও আচরণ (d) সবগুলি

17. কীসের মাধ্যমে প্রক্ষোভের জন্ম হয়?
(a) অভ্যাসের মাধ্যমে (b) প্রবৃত্তির মাধ্যমে (c) শারীরিক বিকাশের মাধ্যমে (d) ধারণা গঠনের মাধ্যমে

18. নবজাতক শিশুকে অন্য কী নামে ডাকা হয়?
(a) Embryo (b) Neonate (c) Zygote (d) Fetus

19. নীচের কোন স্তরকে 'Super ego' বলা হয়?
(a) 1–3 (b) 3 –6 (c) 6 –9 (d) 9–12

20. কোন স্থানে শিশুর প্রজ্ঞামূলক (Cognitive development) বিকাশ সবথেকে বেশি প্রকাশ পায়?
(a) খেলার মাঠ (b) বিদ্যালয় ও শ্রেণিকক্ষ (c) সেমিনার রুম (d) গৃহ

21. 'Generic epistemology' এর জনক কাকে বলা হয়?
(a) পিঁয়াজে (b) কোহেলবার্গ (c) ভাইগটস্কি (d) স্কিনার

22. স্কিমাতে নতুন তথ্য সংযুক্তিকরণকে কী বলা হয়?
(a) আত্তীকরণ (b) সহযোজন (c) সাংগঠনিকীকরণ (d) সবগুলি

23. একটি 12 বছরের শিশুর কাছে সামাজিকীকরণের সবথেকে ভালো স্থান কোনটি?
(a) বিদ্যালয় (b) পরিবার (c) প্রতিবেশী (d) খেলার মাঠ

24. সামাজিকীকরণে নীচের কোনটি প্রয়োজন?
(a) শিক্ষক (b) পুরস্কার (c) শাস্তি (d) সবগুলি

25. নীচের কোনটি শ্রেণিকক্ষ ব্যবস্থাপনা মডেলের ভাগ নয়?
(a) তরঙ্গ প্রক্রিয়া (b) Withinness (c) Overlapping (c) Peer Group Setting

26. প্রেষণার চাহিদার ক্রমপর্যায় তত্ত্বের সর্বোচ্চ স্তর কোনটি?
(a) শারীরবৃত্তীয় চাহিদা (b) ভালোবাসার চাহিদা (c) নিরাপত্তার চাহিদা (d) আত্মপ্রতিষ্ঠার চাহিদা

27. CCE-এর সম্পূর্ণ নাম কী?
(a) Continuous and Comprehensive Evaluation (b) Continuous and Compression Evaluation (c) Comprehensive and Continuous Evaluation (d) Continuous and Comprehensive Education

28. ব্যক্তি যখন দূরের জিনিসকে দেখতে পায়, কিন্তু কাছের বস্তুকে স্পষ্ট দেখতে পায় না, এই প্রতিসরণজনিত ত্রুটিকে কী বলা হয়?
(a) চালসে দৃষ্টি (b) হাইপার মেট্রোপিয়া (c) মায়োপিয়া (d) বিষয় দৃষ্টি

29. 'ইউনিট পদ্ধতি'র জনক কে?
(a) জন ডিউই (b) ড. মরিসন (c) আর্মস্ট্রং (d) কিল প্যাট্রিক

30. শিক্ষাদানযোগ্য মানসিক প্রতিবন্ধীদের বুদ্ধ্যঙ্ক (I.Q)-র মাত্রা কত?
(a) 45-75 (b) 25-44 (c) 10-15 (d) 15-এর কম

31. FCA কথাটির সম্পূর্ণ নাম কী?
(a) Formative Correctional Approach (b) Functional Communicative Approach (c) Functional Corrective Approach (d) Figurative Comprehensive Approach

32. আরোহী পদ্ধতিতে (Inductive Method) –
(a) বিশেষ থেকে সাধারণের দিকে যায় (b) ব্যাকরণ ভাষাকে অনুসরণ করে (c) প্রথমে উদাহরণ শেষে সূত্র (d) সবগুলি সঠিক

33. প্রথম শ্রেণির একটি ভাষাশিক্ষার পাঠ্যবই শুরু হয় প্রথমে বর্ণমালা, দুই অক্ষরের শব্দ দিয়ে। পরে গল্প ও কবিতার মাধ্যমে, এই পাঠ্যপুস্তকে কোন পদ্ধতি অনুসরণ করা হয়েছে?
(a) বিশ্লেষণ পদ্ধতি (b) ভাষা পদ্ধতি (c) উর্ধ্বগামী পদ্ধতি (d) অধোগামী পদ্ধতি

34. নীচের কোনটি উৎপাদনশীল দক্ষতার (Productive Skills) শ্রেণিতে পড়ে?
(a) বলা ও লেখা (b) বলা ও শোনা (c) পড়া ও লেখা (d) পড়া ও শোনা

35. ভাষার আত্তীকরণ (Language Acquisition) অনুযায়ী নীচের কোনটি সঠিক?
(a) প্রত্যেক শিশুরই ভাষা শিক্ষায় এক সহজাত সক্ষমতা থাকে (b) শিশুরা বিভিন্ন উৎস থেকে ভাষা শিক্ষা করে থাকে (c) ভাষা শিক্ষায় শিশুদের সহজাত প্রবণতা থাকে না (d) শিশুদের ভাষা শিক্ষা বিদ্যালয়ের ওপর নির্ভরশীল

36. একটি ভাষাশিক্ষা কক্ষে গল্প কথন যেভাবে এক অতি গুরুত্বপূর্ণ ভূমিকা নিয়ে থাকে, তা হল —
(a) শিক্ষকদের উদ্বেগমুক্ত হতে সাহায্য করে (b) সামগ্রিকভাবে ভাষাকে উপস্থাপন করে (c) নীতি শিক্ষা দেওয়া (d) মনোরঞ্জনের ক্ষেত্রে খুব ভালো উৎস হিসাবে কাজ করে

37. যে পাঠে পাঠকের আনন্দদানকারী পাঠ্য বই ও সাধারণ পাঠ দক্ষতার বিকাশ কৌশলকে অন্তর্ভুক্ত করা হয়, তা হল —
(a) পূর্বপাঠ (b) উত্তর পাঠ (c) নিবিড় পাঠ (d) বিস্তারিত পাঠ

38. ভাষা শিক্ষা দেওয়ার সময় একজন শিক্ষক বিজ্ঞান ও সমাজবিজ্ঞান থেকে উদাহরণ দেন। এই ধরনের কর্মপদ্ধতিকে কিভাবে বর্ণনা করা যেতে পারে?
(a) TPR পদ্ধতি (b) CLT কর্মপদ্ধতি (c) বিজ্ঞান ও ভাষা শিক্ষা (d) পাঠ্যক্রম নির্বিশেষে (General) ভাষা

39. মালদহ, দক্ষিণ-দিনাজপুর, রাজশাহী, পাবনা প্রভৃতি অঞ্চলে কোন উপভাষা প্রচলিত?
(a) রাঢ়ী (b) বঙ্গালী (c) বরেন্দ্রী (d) ঝাড়খণ্ডী

40. শ্রেণিকক্ষে প্রধানতম শিক্ষা-সহায়ক উপকরণ কোনটি?
(a) পাঠ্যপুস্তক (b) বোর্ড (c) চক (d) শিক্ষার্থী

41. ধারাবাহিক লেখার ক্ষেত্রে নীচের কোনগুলি অনুসরণ করা হবে?
(a) সম্বন্ধ সূচক বিশ্লেষণ ব্যবহার (b) ধারণার সংগোষ্ঠী (c) শব্দসীমা (d) আলঙ্কারিক ভাষার ব্যবহার

42. কবিতার রস বিশ্লেষণ বা রসাস্বাদনের সঙ্গে সম্পর্কযুক্ত কোন ধরনের পাঠ?
(a) সমবেত পাঠ (b) স্বাদনা পাঠ (c) চর্বনা পাঠ (d) ধারণা পাঠ

43. নীচের কোনটি স্বয়ং শিক্ষণ কৌশল প্রদীপনের উদাহরণ?
(a) টেলিভিশন (b) অভিনয় (c) কম্পিউটার (d) বেতার

44. ভাষা দক্ষতা কীভাবে শেখানো উচিত?
(a) পরিষ্কার ব্যাখ্যার মাধ্যমে (b) বিচ্ছিন্নভাবে (c) একীকরন পদ্ধতিতে (d) অনুকরণের মাধ্যমে

45. ভাষা শিক্ষার দুর্বল ছাত্রদের জন্য সবথেকে ভালো নির্দেশমূলক পরিকল্পনা হল —
(a) ব্যক্তিগত শিক্ষাদান (b) গোষ্ঠীগত শিক্ষাদান (c) যুগ্ম শিক্ষাপ্রদান (d) সবগুলি

SEACOM SKILLS UNIVERSITY
www.seacomskillsuniversity.org
Admission 2022
Admission open for Paramedical(BMLT, DMLT), BCA, MCA, MBA, LLM, B.Sc Agriculture, BA / MA in History, English, Bengali, Education , Sociology, B.Sc / M.Sc in Physics, Chemistry, Nutrition, Geography, Zoology, Botany (all subjects), B.Com / M.Com
Campus : Kendradangal, Shantiniketan, Dist. Birbhum, West Bengal - 731236
Call : 7890502451 / 9836295315

১১ ডিসেম্বরের প্রাইমারি TET-এর নতুন সিলেবাস অনুযায়ী কয়েকশো প্রশ্নোত্তর নিয়ে বেরোলো
Appointment & Career News
প্রাইমারি TET-এর Question Bank
টেট পরীক্ষার্থীদের হাজারো প্রশ্নের এককথায় উত্তর

না পেলে সরাসরি যোগাযোগ করুন
9830624170

# প্রাইমারি টেট

**নীচের গদ্যাংশটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর দাও :**

মিনিট পনেরো বাদে আমি নীচের দিকে নামতে লাগলাম। একটু সময় নষ্ট করা উচিত নয় জেনে আমরা যত তাড়াতাড়ি সম্ভব নামবার চেষ্টা করছিলাম। যেরকম গতিতে অক্সিজেন ফুরিয়ে আসছিল তাতে আমাদের কেবলই মনে হচ্ছিল যে খুব তাড়াতাড়ি না করলে আমরা নীচে গিয়ে পৌঁছোতে পারব না। একটার পর একটা ঢিবি পার হয়ে আমরা যত দ্রুত পারি এগিয়ে চলেছিলাম। কোনো বাধাই আর আমাদের আটকাতে পারছিল না। আমরা ক্লান্ত হয়ে পড়েছিলাম। কিন্তু ক্লান্তির কাছে হার মানব না বলে পণ করেছিলাম। প্রতি পদেই বিপদের সম্ভাবনা, একটু অসতর্ক হলেই আত্মরক্ষার উপায় থাকবে না তাই আমরা খুব সতর্কতার সঙ্গে এগিয়ে যাচ্ছিলাম। অনেকক্ষণ ধরে একটানা এগিয়ে যাবার পর আমরা দক্ষিণ চূড়ায় পৌঁছোলাম।

46. অবরোহণের গতির দিক হল —
(a) মিনিট পনেরো (b) দ্রুত (c) দক্ষিণ (d) নীচ

47. এখানে ভৌগোলিক সংক্রান্ত বিষয়ে কোন শব্দ দু'টি চয়নিত হয়েছে?
(a) ঢিবি ও চূড়া (b) পাহাড় ও পর্বত (c) নীচ ও উপর (d) দ্রুত ও ক্লান্ত

48. লেখক অবসন্ন হয়েও অপরাজিত থাকার জন্য কী করেছিলেন?
(a) চেষ্টা করেছিলেন (b) সতর্ক হয়েছিলেন (c) প্রতিজ্ঞা করেছিলেন (d) সময় নষ্ট করেছিলেন

49. সামান্য আনমনা হলে কীসের উপায় থাকে না?
(a) সতর্কতার (b) অসতর্কতার (c) ঢিবি পার হওয়ার (d) নিজেকে বাঁচানোর

50. কী আমাদের অবরোধ করতে পারছিল না?
(a) কোনো বিপদই (b) কোনো সতর্কতাই (c) কোনো বাধাই (d) কোনো সময়ই

51. ব্যঞ্জনবর্ণের উচ্চারণ স্থান অনুযায়ী 'চ' বর্গের বর্ণগুলিকে কী বলা হয়?
(a) কণ্ঠ ব্যঞ্জন (b) মূর্ধণ্য ব্যঞ্জন (c) তালব্য ব্যঞ্জন (d) দন্ত্য ব্যঞ্জন

52. নীচের কোনটি বিবৃত স্বরধ্বনির উদাহরণ —
(a) ই (b) আ (c) উ (d) অ্যা

53. 'অপরাহ্ন' শব্দটিকে বর্ণ বিশ্লেষণ করলে কী পাওয়া যায়?
(a) অ+প্+অ+র্+আ+হ্+ণ+অ (b) অ+প্+অ+র্+আ+হ্+ন্+অ
(c) অ+প্+র্+আ+হ্+ন+অ (d) অ+প্+র্+আ+হ্+ণ্+অ

54. পিপীলিকা > পিঁপড়ে ধ্বনি পরিবর্তনের কোনটি এখানে ঘটেছে —
(a) অন্তঃব্যঞ্জনলোপ (b) নাসিক্যিভবন (c) অসমীকরণ (d) স্বতোনাসিক্যিভবন

55. সন্ধি করুন : প্রশংসা
(a) প্রশন্ + সা (b) প্রশম্ + সা (c) প্রশান্ + সা (d) কোনোটিই নয়

56. হনহনিয়ে যাচ্ছে —
(a) ক্রিয়া বিশেষণ (b) ধন্যাত্মক বিশেষণ (c) অব্যয়জাত বিশেষণ (d) বহুপদী বিশেষণ

57. আবার তোরা মানুষ হ —
(a) যৌগিক ক্রিয়া (b) যুক্ত ক্রিয়া (c) a ও b উভয়ই (d) মৌলিক ক্রিয়া

58. 'আলয়ে কুলায়ে তন্দ্রা ভুলায়ে গগন ভরিল কে! — কারক নির্ণয় করুন।
(a) অপাদান কারক (b) অধিকরণ কারক (c) করণ কারক (d) কর্ম কারক

59. নীচের কোনটি শুদ্ধ বানান —
(a) রামায়ণ (b) রাময়ণ (c) রামায়ন (d) রামায়ান

60. পদ পরিবর্তন করুন — 'নিশা'
(a) নৈশ (b) নিশাবরী (c) নৈশিক (d) নিশিথ

61. $(4^{61} + 4^{62} + 4^{63} + 4^{64} + 4^{65})$ সংখ্যাটি কত দিয়ে বিভাজ্য?
(a) 3 (b) 11 (c) 13 (d) 17

62. ক্ষুদ্রতম সংখ্যা কোনটি —

$\frac{8}{15}, \frac{14}{33}, \frac{7}{13}, \frac{11}{13}$

(a) $\frac{14}{33}$ (b) $\frac{7}{13}$ (c) $\frac{8}{15}$ (d) $\frac{11}{13}$

63. দু'টি সংখ্যার সমষ্টি 528 ও তাদের গ.সা.গু 33. সম্ভাব্য কতগুলি সংখ্যা জোড়া পাওয়া যাবে?
(a) 1 (b) 2 (c) 3 (d) 4

64. 989 ও 1327 কে কোন বৃহত্তম সংখ্যা দিয়ে ভাগ করলে যথাক্রমে 5 ও 7 ভাগশেষ থাকবে?
(a) 8 (b) 16 (c) 24 (d) 32

65. ক্ষুদ্রতম পূর্ণবর্গ সংখ্যা নির্ণয় করুন, যা যথাক্রমে 21, 36 ও 66 দিয়ে বিভাজ্য।
(a) 213444 (b) 254016 (c) 156816 (d) 186624

66. কিছু সংখ্যক সৈন্যকে 12, 15, 18টি সারিতে সমান সংখ্যায় পূর্ণ বর্গাকারে সাজানো যায়। সর্বনিম্ন সৈন্য সংখ্যা কত?
(a) 180 (b) 450 (c) 900 (d) 324000

67. $\sqrt{1+\frac{25}{144}} = 1+\frac{x}{12}$ হলে x = ?
(a) 1 (b) 2 (c) 5 (d) 9

68. $$\frac{\frac{1}{3}\cdot\frac{1}{3}\cdot\frac{1}{3}+\frac{1}{4}\cdot\frac{1}{4}\cdot\frac{1}{4}-3\frac{1}{3}\cdot\frac{1}{4}\cdot\frac{1}{5}+\frac{1}{5}\cdot\frac{1}{5}\cdot\frac{1}{5}}{\frac{1}{3}\cdot\frac{1}{3}+\frac{1}{4}\cdot\frac{1}{4}+\frac{1}{5}\cdot\frac{1}{5}-\left(\frac{1}{3}\cdot\frac{1}{4}+\frac{1}{4}\cdot\frac{1}{5}+\frac{1}{5}\cdot\frac{1}{3}\right)}$$ = ?

(a) $\frac{2}{3}$ (b) $\frac{3}{4}$ (c) $\frac{47}{60}$ (d) $\frac{49}{60}$

69. P = 99 হলে $P(P^2 + 3P + 3) = ?$
(a) 99999 (b) 999999 (c) 9999 (d) 9999999

70. $x + \frac{1}{x} = 2$ হলে $\left[x^{2020} + \frac{1}{x^{2020}}\right]$ এর মান কত?
(a) 0 (b) – 2 (c) 2 (d) 1

7 1

$\left(1-\frac{1}{3}\right)\left(1-\frac{1}{4}\right)\ldots\ldots\left(1-\frac{1}{99}\right)\left(1-\frac{1}{100}\right) = ?$

(a) $\frac{2}{99}$ (b) $\frac{1}{25}$ (c) $\frac{1}{50}$ (d) $\frac{1}{100}$

72. কোনো পরীক্ষায় প্রতিটি সঠিক উত্তরের জন্য 4 নম্বর পাওয়া যায় ও প্রতিটি ভুল উত্তরের জন্য 2 নম্বর কাটা যায়। একটি ছাত্র 75টি প্রশ্নের উত্তর করে 150 নম্বর পেল। সে ক'টি সঠিক উত্তর করেছে?
(a) 45 (b) 50 (c) 55 (d) 48

73. বর্তমানে মুকেশ ও সুরেশের বয়সের অনুপাত 2 : 3. 12 বছর পর তাদের বয়সের অনুপাত 11 : 15 হবে। এখন সুরেশের বয়স কত বছর?
(a) 56 (b) 32
(c) 42 (d) 48

74. দু'টি সংখ্যার যোগফল ও গুণফল যথাক্রমে 12 ও 35. সংখ্যা দু'টির অনোন্যোকের যোগফল হল —
(a) $\frac{12}{35}$ (b) $\frac{1}{35}$ (c) $\frac{35}{8}$ (d) $\frac{7}{32}$

75. A-এর $\frac{2}{3}$ = B-এর 75% = C-এর 6 হলে A : B : C হল —
(a) 8 : 9 : 10 (b) 9 : 8 : 10 (c) 6 : 5 : 8 (d) কোনোটিই নয়

76. একজন ক্রিকেটারের 20টি ইনিংসের গড় রান 32. পরের ইনিংসে কত রান করলে তার রানের গড় 4 বাড়বে?
(a) 116 (b) 114 (c) 170 (d) 76

77. একটি ক্লাসের 14 জন ছাত্রের গড় নম্বর হল 71. কিন্তু পরে দেখা গেল দু'জন ছাত্রের প্রকৃত নম্বর 56 ও 32-এর বদলে 42 ও 74 লেখা হয়েছে। প্রকৃত গড় নম্বর কত?
(a) 67 (b) 68 (c) 69 (d) 71

78. চিনির মূল্য 20% বাড়ল, খরচ অপরিবর্তিত রাখতে হলে দ্রব্যের ব্যবহার কত কমাতে হবে?
(a) 20% (b) 25%
(c) $15\frac{1}{5}$% (d) $16\frac{1}{3}$%

79. পরীক্ষায় 60% ছাত্র ইংরিজিতে পাশ করে, 70% হিন্দিতে পাশ করে ও 40% উভয় বিষয়ে পাশ করে, শতকরা কতজন উভয় বিষয়ে ফেল করে?
(a) 10 (b) 20 (c) 25 (d) 30


80. একটি ত্রিভুজের তিনটি বাহু যথাক্রমে 20 সেন্টিমিটার, 16 সেন্টিমিটার ও 12 সেন্টিমিটার। বৃহত্তম বাহুর বিপরীত কৌণিক বিন্দু থেকে ওই বাহুর ওপর অঙ্কিত লম্বের দৈর্ঘ্য কত সেন্টিমিটার?
(a) 9.4 (b) 9.6 (c) 9.8 (d) 9.9

81. 10 সেন্টিমিটার বাহুবিশিষ্ট সুষম ষড়ভুজের ক্ষেত্রফল কত বর্গ সেন্টিমিটার?
(a) $50\sqrt{3}$ (b) $150\sqrt{3}$ (c) 50 (d) 300

82. 220 বর্গ সেন্টিমিটার ক্ষেত্রফলবিশিষ্ট বৃত্তে অন্তর্লিখিত বৃহত্তম বর্গক্ষেত্রের ক্ষেত্রফল কত বর্গ সেন্টিমিটার?
(a) 140 (b) 150 (c) 49 (d) 70

83. দু'টি একই আয়তনবিশিষ্ট লম্ব বৃত্তাকার চোঙের উচ্চতার অনুপাত 1 : 3 হলে, তাদের ব্যাসার্ধের অনুপাত কত?
(a) $\sqrt{3}$ : 1 (b) 1 : $\sqrt{3}$ (c) 3 : 1 (d) 1 : 3

84. চিত্রে 0 কেন্দ্রীয় বৃত্তের ওপর P, Q, R অবস্থিত যেখানে ∠PQR = 100°, ∠OPR-এর পরিমাপ কত হবে?




(a) 10° (b) 20° (c) 30° (d) 40°

85. কোনো বহুভুজের অন্তঃকোণগুলির সমষ্টি 1620, বহুভুজটির বাহু সংখ্যা কত?
(a) 10 (b) 11 (c) 12 (d) 15

86. একটি ত্রিভুজের দু'টি কোণের সমষ্টি 120° ও তাদের অন্তর 20° হলে ত্রিভুজটি কী ধরণের ত্রিভুজ?
(a) সুক্ষ্মকোণী (b) সমকোণী (c) স্থূলকোণী (d) তথ্য অসম্পূর্ণ

87. একজন গণিত শিক্ষকের নীচের কোন ভূমিকাটি পালন করা উচিত বলে মনে করেন?
(a) শ্রেণিতে চিৎকার করে পড়ানো (b) নিরক্ষরতা দূর করা (c) ছাত্রছাত্রীদের মধ্যে সামাজিকতার বোধ জাগ্রত করা (d) বিষয়টি ছাত্রছাত্রীদের শেখানো

88. গণিত ক্লাসে কোনো শিক্ষার্থীর হীনমন্যতা দেখা দিলে সে —
(a) বেশিরভাগ সময় তর্ক করে (b) নিজেকে লুকিয়ে রাখে (c) সর্বদা মেজাজ হারিয়ে ফেলে (d) নিজেকে বেশি করে প্রকাশ করে

89. প্রকল্প পদ্ধতিটি কে উদ্ভাবন করেন?
(a) কিলপ্যাট্রিক (b) মন্তেসরি (c) ফ্রয়বেল (d) হার্বার্ট

90. নীচের কোনটি গণিত শিক্ষণের ক্ষেত্রে শিশুর দেহ ও মনের মধ্যে সমন্বয় সাধন করে?
(a) চিন্তাশক্তি (b) চেতনা
(c) মস্তিষ্ক (d) সবক'টি

**Directions (Q.No. 91-99):** *Read the passage given below and answer the questions that follow by selecting the most appropriate options.*

Puffing cigarettes can increase the likelihood that certain bacteria will not only set up camp but will build a fortified city in the mouth and fight against the immune system, thereby making you vulnerable to oral diseases, new research suggests. Bacteria can form biofilms on most surfaces including teeth, heart valves and the respiratory tract. Biofilms are composed of numerous microbial communities often made up of complex, interacting and co-existing multispecies structures.

"Once a pathogen establishes itself within a biofilm, it can be difficult to eradicate as biofilms provide a physical barrier against the host immune response, can be impermeable to antibiotics and act as a reservoir for persistent infection," said one of the researchers David Scott from University of Louisville School of Dentistry in the US.

"Furthermore, biofilms allow for the transfer of genetic material among the bacterial community and this can lead to antibiotic resistance and the propagation of other virulence factors that promote infection," Scott noted.

One of the most prevalent biofilms is dental plaque, which can lead to gingivitis - a gum disease found in almost half the world's population- and to more severe oral diseases, such as chronic periodontitis. Bacterial biofilms also can form on heart valves resulting in heart-related infections, and they also can cause a host of other problems, the researchers said.

91. Same word for "surface" is
(a) floor (b) out area (c) foundation (d) upper level

92. Which of the following words is an antonym of 'respiration'
(a) breathing (b) respuratory
(c) inhaling (d) none of these

93. Smoking form the bacteria that
(a) create weakness in body (b) make the immune weak
(c) that fight for health (d) none of these

94. Biofilms are composed of
(a) wastages (b) dumping
(c) carbon (d) microbial communities

95. Biofilms protect the skin
(a) from cold (b) from sun burning (c) from heavy rain
(d) All of above

96. Genetic material is transformed
(a) from mouth (b) with the help of lungs
(c) with the help of teeth(d) with the help of biofilms

97. Biofilms are formed
(a) on head (b) on lungs (c) on teeth (d) none of these

98. Heart valves is also affected by
(a) smog (b) smoking
(c) biofilm (d) All of above

99. Smoking helps in forming
(a) the harmful bacteria in lungs (b) carbons on lungs
(c) dangerous particles in body (d) All of above

**Directions (Q.No. 100-105):** *Read the passage given below and answer the questions that follow by selecting the correct/ most appropriate options.*

Today, an estimated average of 68,922 Indian citizens will turn 25. Tomorrow there will another 68,922 newly minted 25 year olds. Ditto the day after tomorrow and the day after that, and so on till 2025.

That number-68,922-is an average calculated on a projection of age-wise population data that was sourced from the national census of 2011 and what it means is this: Every month, 2.1 million people in India will turn 25. Of them, 1.48 million will be in rural India and remaining 0.62 million in urban centres. What it also means is that 10 years from now, in 2025, there will be 690 million Indian citizens below the age of 25.

Quite a bit, really, if you consider how India's population numbers rarely make their way into political discourse nowadays, at least not in any serioze manner. No Indian political party, whichever part of the spectrum you choose to look at talks about the country's population surge and the immerse challenges that it poses.

Having a big bulge of people in the age group of 18:55 (or the working age group) can most certainly be a potential advantage potential because many things have to fall into place before it becomes real. More than seven

out of 10 of India's young people live in rural India, primarily eking their livelihood off unproductive farms with little skill or education to be of use in anything other than manual labour. Those in urban areas are only slightly better off with their overall quality of education making them inadequate for meaningful employment.

Successive Indian governments, the present incumbent included, have tried to focus on addressing the skill deficit in India's working age population but with limited success. You could accuse me of invoking the ghost of Reverend Thomas Robert Malthus, the 18th century English cleric, who predicted a catastrophe if unchecked population growth (which he said grows geometrically) outstripped the supply of food (which grows arithmetically) but consider the facts.

India's population growth has actually slowed down (it was 3% in the 1980s; 1.8% in the 1990s; and is now only 1.2%)

but on a base as large as India's, even 1.2% leads to absolute numbers that are staggering.

Malthus predicted that runaway growth of the world's population without the resources to feed and sustain it would ultimately lead to a catastrophe as a spate of famines, diseases, epidemics and wars would take place.

Now consider this. If India's population of young people grows to huge numbers-as it will-but meets up with large scale joblessness and millions of dashed hopes, and that in turn leads to widespread civil unrest, crime and violence, would you call it a catastrophe?

100. Unchecked population growth
(a) becomes strength of a country (b) cause catastrophe (c) make a country proud (d) provides cheap labour

101. Most of India's young people live in
(a) cities (b) sub-urban area
(c) rural areas (d) in foreign countries

102. How many people in India turn 25 every month?
(a) 0.62 million (b) 2.1 million
(c) 68,922 (d) 1.48 million

103. The meaning of skill is
(a) talent (b) work
(c) labour (d) All of these

104. Antonym of catastrophe is
(a) harmless (b) harmful
(c) calamity (d) tragedy

105. When a large number of people or animal suffer from the same disease at the same time is known as
(a) famine (b) epidemic
(c) epidermis (d) None of these

106. According to NCF–2005, the position of english language in India is —
(a) Official (b) Global (c) Second (d) Foreign

107. The language which is learnt from environment without any explicit teaching is —
(a) Second language (b) Third language (c) School language (d) First language

108. A multi-lingual classroom is —
(a) Students with different mother tongue (b) Students coming from different regions (c) Students with different cultures (d) Students with different social backgrounds

109. Grammar Cum translation method is used in teaching —
(a) First language (b) Mother tongue (c) Second language (d) All of these

110. Constructive approach to language learning promotes —
(a) Child-centered approach (b) Classroom noise (c) A teacher centered approach (d) Culture of silence

111. Sight words are developed by —
(a) by teachers from text book (b) by using words in meaningful contents (c) by knowing meanings of difficult words (d) by seeing them on sight

112. A student of class IV is having some problem in writing, she may have —
(a) Dysgraphia (b) Dysphasia (c) Dyscalculia (d) Dyslexia

# প্রাইমারি টেট

113. Skilled reading is —
(a) Progressive (b) Deliberate (c) Constructive (d) Imaginative

114. Language learning starts from —
(a) Listening (b) Writing (c) Reading (d) Speaking

115. Reading is process of information transfer from —
(a) Text to the reader (b) Text to read (c) The reader to reader (d) The reader to listener

116. While communicating ideas in written form grammar has —
(a) a key role (b) no role (c) liberal role (d) none of these

117. Unit test is an expression of ——— evaluation
(a) Normative (b) Formative (c) Effective (d) Affective

118. The aim of remedial teaching is —
(a) to diagnose learning difficulties (b) to eliminate ineffective habits (c) reteach incorrectly learnt skills (d) (b) and (c)

119. Formative assessments are conducted —
(a) all through the course (b) at the begining of a lesson (c) at the end of the term (d) at the end of the session

120. The chief objective of including poetry in a language is —
(a) improving reading skill (b) improving speaking skill (c) improving punctuation (d) Enjoyment and appreciation

121. অ্যাসিড বৃষ্টির কারণ কী?
(a) CO (b) NO (c) $CO_2$ (d) $H_2S$

122. মিনামাটা বিপর্যয় ঘটেছিল কোন সালে?
(a) 1954 (b) 1955
(c) 1956 (d) 1957

123. 'বিশ্ব পরিবেশ সংরক্ষণ দিবস' কবে পালন করা হয়?
(a) 25 নভেম্বর (b) 26 নভেম্বর (c) 25 ডিসেম্বর (d) 26 ডিসেম্বর

124. 'মরুভূমিক ওক' (Desert Oak) এই গাছটি কোথায় দেখা যায়?
(a) রাজস্থান (b) অস্ট্রেলিয়া (c) আফ্রিকা (d) মার্কিন যুক্তরাষ্ট্রের মরুভূমিতে

125. 'চেরা' (Cheraw) নাচটি ভারতের কোন রাজ্যে দেখা যায়?
(a) ঝাড়খণ্ড (b) মিজোরাম (c) মণিপুর (d) মেঘালয়

126. শিক্ষার্থীদের কার্যকরীভাবে পরিবেশবিদ্যা শিখনে যুক্ত রাখা যায় কার মাধ্যমে?
(ক) বর্ণনার মাধ্যমে (খ) গল্পের মাধ্যমে (গ) শিক্ষকের মাধ্যমে পরিবেশের ধারণা বর্ণনার মাধ্যমে (ঘ) অভিপ্রদর্শন ও বর্ণনার মাধ্যমে
(a) ক, গ, ঘ (b) শুধুমাত্র ক ও খ
(c) শুধুমাত্র গ ও ঘ (d) ক, খ ও ঘ

127. চিনের উপকূলে ঘূর্ণিবাতের নাম কী?
(a) সাইক্লোন (b) টাইফুন (c) তাইফু (d) উইলি-উইলিজ

128. 'ইকোলজিক্যাল পিরামিড' প্রথম প্রবর্তন করেন কে?
(a) আর্থার ট্যানসলে (b) চার্লস এলটন (c) চার্লস ডারউইন (d) হেকেল

129. 'পরিবেশ (সংরক্ষণ) আইন' পাশ হয় কত সালে?
(a) 1984 (b) 1985 (c) 1986 (d) 1987

130. টিবি, হাম ও জলবসন্ত কী বাহিত রোগ?
(a) ব্যাকটিরিয়া (b) প্রোটোজোয়া (c) ভাইরাস (d) বায়ু

131. নীচের কোনটি 'কোশের শক্তিঘর' নামে পরিচিত?
(a) নিউক্লিয়াস (b) রাইবোজোম (c) লাইসোজোম (d) মাইটোকন্ড্রিয়া

132. পরিবেশের পাঠ্যপুস্তকের ভাষা কীরকম হওয়া উচিত?
(a) শিশুদের বোধগম্যতার উপযুক্ত হবে না (b) সংজ্ঞার ওপর বেশি জোর দেওয়া দরকার (c) প্রথাগত ও যান্ত্রিক (d) শিশুদের দৈনন্দিন ভাষার উপযোগী

133. 'বিশ্ব স্বাস্থ্য সংস্থা' নির্দেশিত নিরাপদ শব্দমাত্রা কত ডেসিবেল?
(a) 85 (b) 75
(c) 65 (d) 55

134. 'এরোসল' বলতে কী বোঝায়?
(a) বায়ুতে ভাসমান কঠিন ও জলীয় পদার্থের সূক্ষ্ম কণিকা (b) এরোপ্লেন থেকে নির্গত ধোঁয়া (c) জলে ভাসমান কঠিন পদার্থ (d) বায়ু পরিশোধনকারী পদার্থ

135. নীচের কোনটি জীবাশ্ম জ্বালানির উৎস নয়?
(a) কয়লা (b) পেট্রোলিয়াম (c) প্রাকৃতিক গ্যাস (d) কাঠ

136. নীচের কোন সংস্থা পরিবেশগত বিভিন্ন বিষয়কে বিদ্যালয়ের বিভিন্ন পাঠ্যসূচিতে অন্তর্ভুক্তর কথা বলেছে?
(a) SUPW (b) NCFSE 2000
(c) NCERT 2004 (d) NCTE

137. নীচের কোন স্তরটি পরিবেশবিদ্যা শিক্ষণের ক্ষেত্রে জ্ঞানমূলক সূচকে অন্তর্ভুক্ত নয়?
(a) প্রয়োগমূলক স্তর (b) জ্ঞানমূলক স্তর
(c) সাড়া দেওয়া (d) বিশ্লেষণমূলক স্তর

138. 'পালামৌ ব্যাঘ্র প্রকল্প'টি ভারতের কোন রাজ্যে অবস্থিত?
(a) ওড়িশা (b) ঝাড়খণ্ড (c) উত্তরাখণ্ড (d) রাজস্থান

139. 'প্রাকৃতিক নির্বাচন' (Natural Selection) তত্ত্বটি কার তত্ত্ব থেকে পাওয়া যায়?
(a) গ্রেগর জোহান মেন্ডেল (b) চার্লস ডারউইন
(c) থমাস হান্ট মগর্যান (d) কোনোটিই নয়

140. কোন গ্রহ 'লাল গ্রহ' হিসাবে পরিচিত?
(a) পৃথিবী (b) মঙ্গল (c) শুক্র (d) নেপচুন

141. 'কাঞ্চনজঙ্ঘা' পর্বত কোথায় অবস্থিত?
(a) অরুণাচল প্রদেশ (b) সিকিম
(c) হিমাচল প্রদেশ (d) উত্তরাখণ্ড

142. 'পোঙ্গল' উৎসবটি ভারতের কোন রাজ্যে বিখ্যাত?
(a) মধ্য প্রদেশ (b) তামিলনাড়ু (c) অসম (d) কেরালা

143. নীচের কোনটি প্রজেক্টেড টিচিং সহায়ক উপকরণ?
(a) বুলেটিন বোর্ড (b) ওভারহেড প্রজেক্টর
(c) মডেল (d) ফ্লানেল বোর্ড

144. CFC-এর বাণিজ্যিক নাম কী?
(a) ফ্রেয়ন (b) জেলন (c) নিয়ন (d) ব্রোমিন গ্যাস

145. S.I পদ্ধতিতে তড়িৎ প্রবাহের একক কী?
(a) জুল (b) অ্যাম্পিয়ার (c) ক্যান্ডেলা (d) কেলভিন

146. 'রামসর সম্মেলন'এর উদ্দেশ্য কী ছিল?
(a) জলাভূমি সংরক্ষণ (b) আন্তর্জাতিক পরিবেশ সুরক্ষা
(c) পরিবেশ সুস্থায়ী উন্নয়ন (d) ওজন স্তরের সুরক্ষা

147. প্রথম 'বসুন্ধরা সম্মেলন' কোন স্থানে অনুষ্ঠিত হয়েছিল?
(a) নিউইয়র্ক (b) রিও ডি জেনেরিও (c) জোহানেসবার্গ (d) ডেনমার্ক

148. 'সায়ানোকোবলামিন' কোন ভিটামিনের রাসায়নিক নাম?
(a) B3 (b) B6 (c) B7 (d) B12

149. 'ভিনক্রিস্টিন' কোন ভেষজ উদ্ভিদের কার্যকরী রাসায়নিক নাম?
(a) বাসক (b) নয়নতারা
(c) সর্পগন্ধা (d) ধুতরা

150. অ্যাসিড বৃষ্টির কারণ হিসাবে প্রধান কোন গ্যাসটি দায়ী?
(a) $CO_2$ (b) CFC (c) $SO_2$ (d) $NO_2$

## উত্তর

1(d). 2(b). 3(b). 4(d). 5(d). 6(d). 7(b). 8(b). 9(d). 10(c). 11(d). 12(a). 13(a). 14(c). 15(d). 16(d). 17(b). 18(b). 19(b). 20(b). 21(a). 22(a). 23(a). 24(d). 25(d). 26(d). 27(a). 28(b). 29(b). 30(a). 31(b). 32(d). 33(c). 34(a). 35(a). 36(b). 37(d). 38(d). 39(c). 40(a). 41(b). 42(b). 43(c). 44(c). 45(c). 46(d). 47(a). 48(c). 49(d). 50(c). 51(c). 52(b). 53(a). 54(d). 55(a). 56(a). 57(b). 58(b). 59(a). 60(a). 61(B). 62(A). 63(D). 64(C). 65(A). 66(C). 67(A). 68(C). 69(B). 70(C). 71(C). 72(B). 73(D). 74(A). 75(B). 76(A). 77(C). 78(D). 79(C). 80(B). 81(B). 82(A). 83(A). 84(A). 85(B). 86(A). 87(D). 88(B). 89(A). 90(C). 91(a). 92(d). 93(b). 94(d). 95(d). 96(d). 97(c). 98(c). 99(d). 100(b). 101(c). 102(b). 103(a). 104(a). 105(b). 106(c) 107(d). 108(a). 109(c). 110(a). 111(b). 112(a). 113(c). 114(a). 115(a). 116(c). 117(b). 118(d). 119(a). 120(d). 121(c). 122(c). 123(b). 124(b). 125(b). 126(b). 127(b). 128(b). 129(c). 130(d). 131(d). 132(d). 133(c). 134(a). 135(d). 136(b). 137(c). 138(b). 139(b). 140(b). 141(b). 142(b). 143(b). 144(a). 145(b). 146(a). 147(b). 148(d). 149(b). 150(c).

টেট-এর কোচিং ফ্রি!!
একদিকে প্রায় ৬ বছর পর টেট-এর বিজ্ঞাপন। আবার অন্যদিকে দীর্ঘ কয়েকবছর পর টেট পাশ পরীক্ষার্থীদের ইন্টারভিউ-এর দরখাস্ত নেওয়ার ঘোষণা। চাকরি প্রার্থীদের জন্য এ অত্যন্ত সুসময়।
কিন্তু কীভাবে প্রস্তুতি নিতে হবে তা জানার কোনো উপায় নেই।
তাই বেরোল
টেট কোচিং স্পেশাল
Appointment & Career News
হেল্পলাইন : 9830624170

সাম্প্রতিক তথ্যে ভরা

# জিজ্ঞাসা

চাকরির পরীক্ষা সংক্রান্ত যাবতীয় প্রশ্নের উত্তর ধারাবাহিকভাবে দিচ্ছেন রঞ্জিৎ ঘোষ।

এই বিভাগে উত্তর পেতে হলে E-mail করুন এই নম্বরে : karmajiggasa@gmail.com ই-মেলে নিজের নাম, পুরো ঠিকানা, ফোন নম্বর উল্লেখ করবেন।

## প্রাইমারি চাকরির

■ *উচ্চমাধ্যমিকে ৫০% নম্বর নেই। কিন্তু ডিগ্রি কোর্সে ৫০% নম্বর আছে। ডি.এল.এড. কোর্স করেছি। প্রাইমারি 'টেট' দিতে পারব কি? — মীর ইমরান হক, নোয়াপাড়া, নলহাটী, বীরভূম।*

■■ হ্যাঁ, পারবেন।

■ *ডিগ্রি কোর্সে ৫০% নম্বর নেই। পোস্ট-গ্র্যাজুয়েট কোর্সে ৫০% নম্বর আছে। বি.এড. করেছি। প্রাইমারি 'টেট' দিতে পারব কি? — বৈশাখী মল্লিক, পানপুর, নারায়ণপুর, ভাটপাড়া, উত্তর ২৪ পরগনা।*

■■ হ্যাঁ, পারবেন।

■ *২০১২ সালে আপার প্রাইমারি 'টেট' দিয়েছি। ২০১৫ সালের 'টেট' সার্টিফিকেট পেয়েছি। প্রাইমারি 'টেট'এর জন্য আবার কি নতুন করে দরখাস্ত করতে হবে? — পাপিয়া তরফদার, খড়দহ, উত্তর ২৪ পরগনা।*

■■ নতুন করে দরখাস্ত করতে হবে। আপার প্রাইমারি 'টেট'এর সঙ্গে প্রাইমারি 'টেট'এর কোনো সম্পর্ক নেই।

■ *নেতাজী সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ে থেকে ডিগ্রি কোর্স পাশ করেছি। বি.এড. করলে প্রাইমারি টিচার পদের জন্য যোগ্য কি? — সূর্য কুমার, রঘুনাথপুর, ঝাড়গ্রাম।*

■■ হ্যাঁ, যোগ্য।

■ *প্রাইমারি 'টেট'এর জন্য ডিগ্রি কোর্সে ৫০% (সংরক্ষিত ক্যাটেগরি হলে ৪৫%) নম্বর থাকতে হবে বলা হয়েছে। যাঁদের অনার্সে ৫০% নম্বর নেই, তাঁদের পাস ও অনার্স মিলিয়ে ৫০% নম্বর ধরা হবে কি? — বিথিকা পোদ্দার, সোনারপুর, দক্ষিণ ২৪ পরগনা। অর্পিতা মণ্ডল, হুগলি।*

■■ পাস ও অনার্স কোর্স মিলিয়ে ৫০% নম্বর হলেও আবেদনের যোগ্য।

■ *এন.আই.ও.এস. থেকে ডি.এল.এড. কোর্স করলে প্রাইমারি 'টেট'এ বসতে পারব কি? — শাশ্বতী সিনহা, কান্দি, মুর্শিদাবাদ।*

■■ হ্যাঁ, পারবেন।

■ *উচ্চমাধ্যমিকে ৬৮%, ডিগ্রি কোর্সে ৪৮% আর মাস্টার ডিগ্রি কোর্সে ৫১% নম্বর আছে। বি.এড. করা আছে। প্রাইমারি 'টেট' দিতে পারব কি? — গোপাল মাইতি, উলুবেড়িয়া, হাওড়া।*

■■ হ্যাঁ, পারবেন।

■ *নেতাজী সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয় থেকে টেলারিং অ্যান্ড ড্রেস ডিজাইনিংয়ের কোর্স করলে সেটি কি ডি.এল.এড. কোর্সের সমতুল্য হবে? বি.এড. নেই। যোগ্য কি? — শিবপদ রায়, যশুর, হাবড়া, উত্তর ২৪ পরগনা।*

■■ টেলারিং অ্যান্ড ড্রেস ডিজাইনিংয়ের কোর্স ডি.এল.এড.'এর সমতুল্য নয়। তাই আপনি প্রাইমারি 'টেট'এর জন্য যোগ্য নন।

■ *২০১৮ সালে 'সি-টেট' পাশ করেছি। প্রাইমারি টিচার পদের ইন্টারভিউয়ে যোগ্য কি? — ইন্দ্রানী বিশ্বাস, শ্রীপল্লী, পূর্ব বর্ধমান।*

■■ 'সি-টেট' পাশরা পশ্চিমবঙ্গের প্রাইমারি টিচার পদের ইন্টারভিউয়ের জন্য যোগ্য নন।

■ *প্রাইমারি 'টেট' হবে ১১ ডিসেম্বর। এই 'টেট'এর নতুন সিলেবাস অনুযায়ী যেমন প্রশ্ন এবার আসার সম্ভাবনা, তেমন সম্ভাব্য প্রশ্ন ও উত্তরের জন্য কোন বই পড়ব? — প্রিতম বিশ্বাস, হুগলি। নুসরত পারভিন, বসিরহাট, উত্তর ২৪ পরগনা।*

■■ প্রাইমারি 'টেট'এর নতুন সিলেবাস অনুযায়ী এবছর যেমন প্রশ্ন আসার সম্ভাবনা তেমন সম্ভাব্য প্রশ্ন ও উত্তর নিয়ে ধারাবাহিকভাবে দেওয়া হচ্ছে 'সাফল্য' পত্রিকা, 'Appointment & Career News' পত্রিকা আর 'কর্মসংস্থান' পত্রিকায়, যা থেকে কমন আসবেই।

■ *বি.এড. বা ডি.এল.এড. কোর্স করা নেই। প্রাইমারি 'টেট'এর জন্য দরখাস্ত নেওয়া হচ্ছে। ডি.এড. বা, বি.এল.এড. কোর্সে ভরতি হয়ে 'টেট'এ দরখাস্ত করতে পারব কি? — মনিকা চন্দ, নিউব্যারাকপুর, উত্তর ২৪পরগনা।*

■■ পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা পর্ষদ জানিয়েছে বি.এড. বা, ডি.এল.এড.-এ নাম এনরোলমেন্ট করলেই দরখাস্ত করতে পারবেন। সেক্ষেত্রে যাঁরা এখনো বি.এড. বা, ডি.এল.এড. কোর্সে ভরতি হবেন, তাঁরাও আবেদনের যোগ্য। দরখাস্ত করার সময় বি.এড. বা, ডি.এল.এড.-এ ভরতির প্রমাণপত্র (রিসিপ্ট) দিয়ে দরখাস্ত করতে পারবেন।

■ *ডি.এল.এড.-এ ভরতি হয়েছি গত বছর। এখনো রেজিস্ট্রেশন পাইনি। প্রাইমারি 'টেট'এ দরখাস্ত করতে পারব? — পিযুস ঘোষ, কোন্নগর, হুগলি।*

■■ হ্যাঁ, দরখাস্ত করতে পারবেন। সেক্ষেত্রে ভরতির প্রমাণপত্র দিয়েও দরখাস্ত করতে পারবেন।

■ *উচ্চমাধ্যমিকে ৫৮%, ডিগ্রি কোর্সে ৪৮.৫%, এম.এ. কোর্সে ৫৬% নম্বর আছে। ২০২০-'২২ সেশনে বি.এড-এর ফাইনাল পরীক্ষা দিয়েছি। প্রাইমারি 'টেট' দিতে পারব কি? — শুভঙ্কর দাস, লালগোলা, মুর্শিদাবাদ।*

■■ হ্যাঁ, পরীক্ষা দিতে পারবেন।

## স্কুল সার্ভিসের

■ *স্কুল সার্ভিস কমিশনের ক্লার্ক ও গ্রুপ-ডি পদের বিজ্ঞপ্তি এবছর বেরোবে কি? — কমলেশ মণ্ডল, সোনাকুড়, হরিণঘাটা, নদিয়া।*

■■ খুব তাড়াতাড়ি বিজ্ঞপ্তি বেরোবে। তবে এবছর বিজ্ঞপ্তি বেরোনোর সম্ভাবনা নেই। ২০২৩ সালের প্রথম দিকেই বিজ্ঞপ্তি বেরোবে বলে আশা করা যায়।

■ *স্কুল সার্ভিস কমিশনের নবম থেকে দ্বাদশ শ্রেণির এস.এল.এস.টি. পরীক্ষার জন্য বিজ্ঞপ্তি বেরোবে শোনা যাচ্ছে। শিক্ষাগত যোগ্যতা কেমন থাকা দরকার জানাবেন। — হৈমন্তি বিশ্বাস, দত্তপুকুর, উত্তর ২৪ পরগনা। জয়দেব দাস, ফুলেশ্বর, নদিয়া।*

■■ **নবম ও দশম শ্রেণির শিক্ষক-শিক্ষিকা** : যে কোনো শাখার গ্র্যাজুয়েট /অনার্স গ্র্যাজুয়েট / পোস্ট-গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা মোট অন্তত ৫০% (তপশিলী জাতি, তপশিলী উপজাতি, ও.বি.সি. সম্প্রদায় আর প্রতিবন্ধী প্রার্থী হলে ৪৫%) নম্বর পেয়ে থাকলে সংশ্লিষ্ট বিষয়ের জন্য আবেদন করতে পারেন। পাস বা, অনার্স ডিগ্রি কোর্সে যাঁদের ৫০% নম্বর নেই, কিন্তু পোস্ট-গ্র্যাজুয়েট কোর্সে ৫০% নম্বর আছে, তাঁরাও আবেদনের যোগ্য। এন.সি.টি.ই.'র স্বীকৃত প্রতিষ্ঠান থেকে বি.এড. কোর্স পাশ হতে হবে।

**একাদশ ও দ্বাদশ শ্রেণির শিক্ষক-শিক্ষিকা** : মোট অন্তত ৫০% (তপশিলী জাতি, তপশিলী উপজাতি, ও.বি.সি. সম্প্রদায় আর প্রতিবন্ধী প্রার্থী হলে ৪৫%) পেয়ে পোস্ট-গ্র্যাজুয়েটরা সংশ্লিষ্ট বিষয়ের জন্য যোগ্য। এন.সি.টি.ই.'র স্বীকৃত প্রতিষ্ঠান থেকে বি.এড. কোর্স পাশ হতে হবে।

## ব্যাঙ্কে চাকরির

■ *স্টেট ব্যাঙ্কে ক্লার্ক পদের জন্য কেমন শিক্ষাগত যোগ্যতা দরকার? বিজ্ঞপ্তি কি প্রতি বছরই বেরোয়? — অর্পন হাজরা, খড়দহ, উত্তর ২৪ পরগনা।*

■■ স্টেট ব্যাঙ্কের ক্লার্ক পদের বদলে এখন 'জুনিয়র অ্যাসোসিয়েটস (কাস্টমার সাপোর্ট অ্যান্ড সেলস)' পদে লোক নেওয়া হচ্ছে। এই পদে প্রতি বছরই বিজ্ঞপ্তি দিয়ে দরখাস্ত নেওয়া হচ্ছে। যে কোনো শাখার গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। এবছর যাঁরা ডিগ্রি কোর্সে ফাইনাল বর্ষের পরীক্ষা দিয়েছেন, তাঁরাও যোগ্য। বয়স হতে হবে ২০ থেকে ২৮ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর আর প্রতিবন্ধীরা ১০ (ও.বি.সি. হলে ১৩, তপশিলী হলে ১৫) বছর বয়সে ছাড় পাবেন। শুরুতে ৬ মাসের প্রবেশন। মূল মাইনে : ১৭,৯০০-৪৭,৯২০ টাকা। প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে অনলাইনে প্রিলিমিনারি পরীক্ষা হবে। তাতে সফল হলে অনলাইনে মেন পরীক্ষা হবে। প্রিলিমিনারি লিখিত পরীক্ষায় অবজেক্টিভ টাইপের পার্টে ১ ঘন্টার ১০০ নম্বরের ১০০টি প্রশ্ন থাকবে এই সব বিষয়ে: (১) ইংলিশ ল্যাঙ্গোয়েজ - ৩০ নম্বরের ৩০টি প্রশ্ন। সময় ২০ মিনিট, (২) নিউমেরিক্যাল এবিলিটি-৩৫ নম্বরের ৩৫টি প্রশ্ন। সময় ২০ মিনিট, (৩) রিজনিং এবিলিটি -৩৫ নম্বরের ৩৫টি প্রশ্ন। সময় ২০ মিনিট। নেগেটিভ মার্কিং আছে। ৪টি প্রশ্নের ভুল উত্তরের জন্য ১ নম্বর কাটা হবে। প্রতিটি পেপারে কোয়ালিফাইং নম্বর পেলে শূন্যপদের ১০ গুণ প্রার্থীকে মেন পরীক্ষায় ডাকা হয়। মেন পরীক্ষা হবে ডিসেম্বর-জানুয়ারি মাসে। এই পরীক্ষায় ২০০ নম্বরের ১৯০টি প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) জেনারেল / ফিনান্সিয়াল অ্যাওয়ারনেস -৫০ নম্বরের ৫০টি প্রশ্ন। সময় ৩৫ মিনিট। (২) জেনারেল ইংলিশ -৪০ নম্বরের ৪০টি প্রশ্ন। সময় ৩৫ মিনিট। (৩) কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউট -৫০ নম্বরের ৫০টি প্রশ্ন। সময় ৪৫ মিনিট। (৪) রিজনিং এবিলিটি অ্যান্ড কম্পিউটার অ্যাপ্টিটিউট - ৬০ নম্বরের ৫০টি প্রশ্ন। সময় ৪৫ মিনিট। মোট সময় থাকবে ২ ঘন্টা ৪০ মিনিট। নেগেটিভ মার্কিং আছে। ৪টি প্রশ্নের ভুল উত্তরের জন্য ১ নম্বর কাটা হবে। প্রিলি ও মেন দুই ক্ষেত্রেই প্রশ্ন হবে ইংরিজি ও হিন্দিতে। তবে পশ্চিমবঙ্গ ও অসমের প্রার্থীদের বেলায় ইংরিজি ও হিন্দি ছাড়াও বাংলা ভাষাতে প্রশ্ন হবে।

## রাজ্য ও কেন্দ্রীয় সরকারের যেসব পদে এখনো দরখাস্ত করতে পারবেন

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন দফতরে লোক নেওয়ার খবর বেরোলেই তা যথাসময়ে 'কর্মসংস্থান'এ দেওয়া হয়। অনেক ক্ষেত্রে দেখা যায়, প্রার্থী সেই সংখ্যা সংগ্রহ করতে না পারার জন্য দরখাস্ত করতে পারেন না। তাই প্রার্থীদের সুবিধার জন্য এখনো কোন কোন পদে দরখাস্ত করার সুযোগ আছে, তা এক নজরে দেওয়া শুরু হল।

| পদ | যোগ্যতা | শূন্যপদ | শেষ তারিখ | ওয়েবসাইট |
|---|---|---|---|---|
| সি.আই.এস.এফ.-এ হেড কনস্টেবল, সাব-ইন্সপেক্টর | উচ্চমাধ্যমিক | ৫৪০ | ২৫-১০-২২ | www.cisfrectt.in |
| পূর্ব রেলে অ্যাপ্রেন্টিস | মাধ্যমিক ও আই.টি.আই. | ৩,১১৫ | ২৯-১০-২২ | www.rrcer.com |
| ও.এন.জি.সি.-তে অফিসার | গ্র্যাজুয়েট | ৮৭১ | ১২-১০-২২ | www.ongcindia.com |
| ইন্ডিয়ান অয়েলে অ্যাপ্রেন্টিস | ডিপ্লোমা, ITI গ্র্যাজুয়েট | ১,৫৩৫ | ২৩-১০-২২ | www.iocl.com |
| আই.টি.বি.পি.-তে হেড কনস্টেবল | গ্র্যাজুয়েট | ২৩ | ১১-১১-২২ | www.recruitment.itbpolice.nic.in |
| সিকিউরিটি প্রিন্টিং প্রেসে জুনিয়র টেকনিশিয়ান | আই.টি.আই. | ৮২ | ৩১-১০-২২ | http://spphyderabad.spmcil.com |

## ইন্দো-তিব্বত সীমান্ত পুলিশে ৪০ হেড কনস্টেবল

**নিজস্ব সংবাদদাতা** : কেন্দ্রীয় সরকারের স্বরাষ্ট্রমন্ত্রকের অধীন ভারত-তিব্বত সীমান্ত পুলিশ 'হেড কনস্টেবল (ড্রেসার ভেটেরিনারি)' পদে ৪০ জন ছেলেমেয়ে নিচ্ছে। উচ্চমাধ্যমিক পাশরা প্যারা ভেটেরিনারি কোর্সের সার্টিফিকেট, ডিপ্লোমা কোর্স পাশ হলে ও ভেটেরিনারিথেরাপিটিক / লাইফস্টক ম্যানেজমেন্ট কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৭-১১-২০২২'র হিসাবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে, অর্থাৎ জন্ম-তারিখ হতে হবে ১৮-১১-১৯৯৭ থেকে ১৭-১১-২০০৪'র মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর, সরকারি কর্মী ও প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। শারীরিক মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৭০ (তপশিলী উপজাতি হলে ১৬২.৫) সেমি, আর উচ্চতার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ ওজন। বুকের ছাতি হতে হবে না-ফুলিয়ে ৮০ সেমি ও ফুলিয়ে ৮৫ সেমি। তপশিলী উপজাতিরা বুকের ছাতিতে ৪ সেমি ছাড় পাবেন। দৃষ্টিশক্তি হতে হবে দূরের বেলায় চশমা ছাড়া এক চোখে ৬/৬ ও অন্য চোখে ৬/৯। কাছের বেলায় ভালো চোখে N6, খারাপ চোখে N9. মূল মাইনে : ২৫,৫০০-৮১,১০০ টাকা। শূন্যপদ : ৪০টি। এর মধ্যে ছেলেদের জন্য ৩৪টি (জেনাঃ ১৪, ও.বি.সি. ৯, তঃজাঃ ৫, তঃউঃজাঃ ৩, ই.ডব্লু.এস. ৩)। মেয়েদের জন্য ৬টি (জেনাঃ ৩, ও.বি.সি. ২, তঃজাঃ ১)। প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে উচ্চতা (হাইট বার টেস্ট) মাপা হবে। এরপর ২৪ মিনিটে ৫ কি.মি. দৌড়তে হবে। সফল হলে শারীরিক সক্ষমতার পরীক্ষা, লিখিত পরীক্ষা। সময় ২ ঘন্টা। সব শেষে ডাক্তারি পরীক্ষা।

দরখাস্ত করবেন অনলাইনে, ১৭ নভেম্বরের মধ্যে। এই ওয়েবসাইটে : www.recruitment.itbpolice.nic.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের রঙিন ফটো ও সিগনেচার স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে আর ফটো, সিগনেচার ও যাবতীয় প্রমাণপত্র আপলোড করবেন। এবার পরীক্ষা ফী বাবদ ১০০ টাকা নেট ব্যাঙ্কিং, ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড বা, এস.বি.আই. চালানে জমা দেবেন। তপশিলী, মহিলা ও প্রতিবন্ধীদের ফী লাগবে না। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## ৫০ এক্সিকিউটিভ ট্রেনি

**নিজস্ব সংবাদদাতা** : এন.টি.পি.সি. লিমিটেড 'এক্সিকিউটিভ ট্রেনি' পদে ৫০ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

**এক্সিকিউটিভ ট্রেনি (মেকানিক্যাল)** : মেকানিক্যাল, প্রোডাকশন, ইন্ডাস্ট্রিয়াল, প্রোডাকশন অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল, থার্মাল, মেকানিক্যাল অ্যান্ড অটোমেশন, পাওয়ার ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা মোট অন্তত ৬৫% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৫৫%) নম্বর পেয়ে থাকলে যোগ্য। মেকানিক্যাল শাখায় 'গেট-২২' সফল হতে হবে। শূন্যপদ : ১৪টি।

**এক্সিকিউটিভ ট্রেনি (ইলেক্ট্রিক্যাল)** : ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স, পাওয়ার সিস্টেম অ্যান্ড হাই ভোল্টেজ, পাওয়ার, ইলেক্ট্রিক্যাল, ইন্সট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল, পাওয়ার ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা মোট অন্তত ৬৫% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৫৫%) নম্বর পেয়ে থাকলে যোগ্য। ইলেক্ট্রিক্যাল শাখায় 'গেট-২২' সফল হতে হবে। শূন্যপদ : ২২টি।

**এক্সিকিউটিভ ট্রেনি (ইন্সট্রুমেন্টেশন)** : ইন্সট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন, ইলেক্ট্রনিক্স, ইন্সট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা মোট অন্তত ৬৫% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৫৫%) নম্বর পেয়ে থাকলে যোগ্য। ইন্সট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং শাখায় 'গেট-২২' সফল হতে হবে।

**এক্সিকিউটিভ ট্রেনি (ইলেক্ট্রনিক্স)** : ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড পাওয়ার, পাওয়ার ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা মোট অন্তত ৬৫% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৫৫%) নম্বর পেয়ে থাকলে যোগ্য। ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন শাখায় 'গেট-২২' সফল হতে হবে। শূন্যপদ : ইন্সট্রুমেন্টেশন / ইলেক্ট্রনিক্স ১৪টি। এই পদের বিজ্ঞপ্তি নং : 04/21.

সব পদের বেলায় বয়স হতে হবে ২৭ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। মূল মাইনে : ৪০,০০০-১,৪০,০০০ টাকা। প্রার্থী বাছাইহবে ২০২২ সালের 'গেট' পরীক্ষায় সফল হয়ে থাকতে হবে। এরপর হবে গ্রুপ ডিসকাশন ও ইন্টারভিউ।

দরখাস্ত করবেন অনলাইনে, ১১ নভেম্বরের মধ্যে। এই ওয়েবসাইটে : www.careers.ntpc.co.in, www.ntpc.co.in এজন্য বৈধ ই-মেল আই.ডি. থাকতে হবে. এছাড়াও পাশপোর্ট মপের ফটো ও সিগনেচার স্ক্যান করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## রাজ্য স্বাস্থ্য দফতরে নার্স

রাজ্য সরকারের জলপাইগুড়ি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সমিতি সরাসরি ইন্টারভিউয়ের মাধ্যমে স্টাফ নার্স পদে প্রার্থী নিচ্ছে। জি.এন.এম. কোর্স পাশরা যোগ্য। নার্সিং কাউন্সিলে নাম নথিভুক্ত থাকতে হবে। বয়স হতে হবে ৪০ বছরের মধ্যে। মাইনে ২৫,০০০ টাকা। শূন্যপদ ৪টি (জেনাঃ ২, ও.বি.সি. - বি ক্যাটেগরি ১, তঃউঃজাঃ ১)। সি.এইচ.এ. আরবান। এ.এন.এম. বা, জি.এন.এম. কোর্স পাশরা যোগ্য। বয়স হতে হবে ৪০ বছরের মধ্যে। শূন্যপদ : ১৩,০০০ টাকা। শূন্যপদ : ৮টি (জেনাঃ ৩, তঃজাঃ ৩, ও.বি.সি. -এ ক্যাটেগরি ১, ও.বি.সি.-বি ক্যাটেগরি ১)। প্রার্থী বাছাইয়ের ইন্টারভিউ হবে ১ নভেম্বর, সকাল সাড়ে ১০টায়। এই ঠিকানায় : কনফারেন্স হল (প্রথম তল), ডি.আর.এস. বিল্ডিং (ফার্মাসি কলেজের কাছে), সি.এম.ও.এইচ. অফিস, জলপাইগুড়ি। তখন সঙ্গে নিয়ে যাবেন যাবতীয় প্রমাণপত্রের মূল ও প্রত্যয়িত জেরক্স কপি। এই পদের মেমো নং : DHFWS/ 3274/22; Dated: Jalpaiguri 12.10.2022.